# দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন




বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৭ শাবান ১৪৪৭ ॥ ২২ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৬৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



## মব ভায়োলেন্স বলে কোনো কিছু নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা

কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, 'মব ভায়োলেন্স বলে কোনো কিছু নেই। পুলিশের ২ এর পাতায় দেখুন




## নির্বাচনে দায়িত্ব পালনে ১০৫১ নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ

কীর্তনখোলা ডেস্ক
আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় সারা দেশে দায়িত্ব পালনের জন্য এক হাজার ৫১ জন নির্বাহী ২ এর পাতায় দেখুন




## ক্ষমতায় গেলে তরুণ-তরুণীদের সামরিক প্রশিক্ষণ দেবে জামায়াত

কীর্তনখোলা ডেস্ক
ক্ষমতায় গেলে দেশের ১৮-২২ বছর বয়সী তরুণ-তরুণীদের ছয় থেকে ১২ মাস মেয়াদি সামরিক প্রশিক্ষণের ব্যবস্থা চালু ২ এর পাতায় দেখুন




## ফেসবুক-ইউটিউবে নির্বাচনী প্রচারণা নিয়ে ইসির জরুরি নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক
আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে সামাজিক যোগাযোগ মাধ্যমে ২ এর পাতায় দেখুন






# নারীদের ঘরে বন্দি রেখে উন্নয়ন সম্ভব না: তারেক রহমান

কীর্তনখোলা রিপোর্ট
বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, 'বর্তমানে দেশে নতুন জালেমের আবির্ভাব হয়েছে। গুপ্ত দলের লোকেরা জালেম হিসেবে আবির্ভূত হয়েছে। নতুন জালেম, যাদের মানুষ "গুপ্ত" হিসেবে চেনে, সেই জালেমদের নেতা নারীদের নিয়ে কলঙ্কিত শব্দ ব্যবহার করেছেন। এরা ইসলামের রাজনীতি করে কিন্তু নারীদের নিয়ে কীভাবে কলঙ্কিত শব্দ ব্যবহার করে।' বুধবার বরিশাল নগরীর বেলস পার্ক মাঠে নির্বাচনি জনসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। এ সময় তারেক রহমান বলেন, 'দেশে নারী-পুরুষ সবাই মিলে কাজ করে। এমনকি কৃষিকাজেও পুরুষের সঙ্গে নারীরা কাজ করছেন ফসল উৎপাদনে। বিশেষ করে, গার্মেন্টস শিল্প টিকিয়ে রেখেছেন নারীরা। আর গুপ্ত রাজনৈতিক দলটি প্রকাশ্যে সেই নারীদের নিয়ে কলঙ্কিত শব্দ ব্যবহার করছে। মা-বোনের প্রতি শ্রদ্ধা নেই, সেই দলের কাছ থেকে দেশ অগ্রগতি আশা করতে পারে না।' তিনি বলেন, 'দেশে নারীদের শক্তিশালী অবস্থান রয়েছে। নারীদের ঘরে বন্দি করে রেখে দেশের উন্নয়ন কোনও দিনই সম্ভব নয়। দেশ সামনের দিকে এগিয়ে যেতে পারবে না। গুপ্ত সংগঠন নারী সমাজের বিরুদ্ধে অপমানজনক শব্দ ব্যবহার করে তাদের দূরে ঠেলে রাখতে চাচ্ছে।' গুপ্ত সংগঠনের বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তারেক রহমান বলেন, 'কুমিল্লা জেলায় বাড়ি গুপ্ত সংগঠনের এক নেতা তার নেতাকর্মীদের বলেছেন, ১২ ফেব্রুয়ারি পর্যন্ত জনগণের পা ধরতে, নির্বাচনের পর জনগণ তাদের পা ধরবে।' এসব লোক নির্বাচিত হলে দেশের কী অবস্থা হবে তা ভেবে দেখতে বলেন তিনি। তিনি বলেন, 'সাবেক তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নারীদের শিক্ষা বিনামূল্যে করেছিলেন। এইচএসসি পর্যন্ত মেয়েরা বিনামূল্যে লেখাপড়ার সুযোগ পাচ্ছে। আগামীতে আমরা দায়িত্ব পেলে নারীদের উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হবে। তাদের শিক্ষার সঙ্গে সঙ্গে কর্মজীবী করে গড়ে তুলতে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। একই সঙ্গে দেশের বড় একটি অংশ বেকার যুবক। তাদের কর্মক্ষম করে গড়ে তুলতে প্রশিক্ষণ দেওয়া হবে। ভোলার গ্যাস ব্যবহার করে শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলে সেখানে বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।' বরিশাল অঞ্চলের উন্নয়ন প্রসঙ্গে বিএনপি চেয়ারম্যান বলেন, 'এ অঞ্চলে কৃষিজমি বেশি। এ কারণে কৃষকও ফসল উৎপাদনে বেশি মনোযোগী। কিন্তু সেভাবে তারা মূল্য পাচ্ছে না। তারা যাতে ফসলের ন্যায্য মূল্য পান এ জন্য একাধিক হিমাগারের ব্যবস্থা করা হবে। সেই হিমাগারে উৎপাদিত ফসল রাখা হলে কৃষক তার ন্যায্য মূল্য নিশ্চিত করতে পারবে। 'কৃষকদের জন্য কার্ডের ব্যবস্থা করা হবে। সেই কার্ড দিয়ে কৃষক তার জমি অনুপাতে সার ও বীজসহ বিভিন্ন কৃষি পণ্য বিনামূল্যে সংগ্রহ করতে পারবেন। এমনকি যাদের ১০ হাজার টাকা কৃষি ঋণ রয়েছে, দেশের দায়িত্ব নেওয়ার সঙ্গে সঙ্গে তা মওকুফ করা হবে।' 'ভোলাকে সড়কপথে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করতে বরিশাল-ভোলা ব্রিজ করা হবে। উন্নত চিকিৎসার জন্য ভোলায় মেডিক্যাল স্থাপন করা হবে। শের ই বাংলা মেডিক্যাল কলেজে চিকিৎসার উন্নয়ন করা হবে। বিশেষ করে, দরিদ্র জনগোষ্ঠীর চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে। হাসপাতালগুলোতে চিকিৎসক সংকট এবং বিদ্যালয়ে শিক্ষক সংকট দূর করা হবে। 'বরিশালের বেশির ভাগ এলাকা নদী ভাঙনকবলিত। ভাঙনের কারণে সহায়-সম্বলহীন হয়ে পড়েছেন সংশ্লিষ্টরা। এমনকি মা-বাবার কবরও ধরে রাখতে পারছেন না। এ অবস্থার পরিবর্তন আনতে বেড়িবাঁধ নির্মাণ করতে হবে। আর এসব উন্নয়ন সম্ভব হবে ধানের শীষকে নির্বাচিত করলে। এ জন্য ১২ ফেব্রুয়ারি কঠিনভাবে সিদ্ধান্ত নিতে হবে।' তিনি বলেন, 'যারা যে বিষয়ে পারদর্শী তাদের সে বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে অভিজ্ঞ করে গড়ে তোলা হবে। দেশের জনগণের মাঝে পরিবর্তন করতে পারলে দেশ এগিয়ে যাবে।' তারেক রহমান জানান, ১৯৭৮ সালে তার বাবা জিয়াউর রহমান পল্লী বিদ্যুতের লাইন চালু করেছিলেন। এরপর তার মা বেগম খালেদা জিয়া বরিশালকে বিভাগ করেন। বরিশাল নিয়ে তার অনেক পরিকল্পনা রয়েছে। তা সম্ভব হবে নির্বাচনে বিজয়ী হওয়ার পর। বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুকের সভাপতিত্বে সমাবেশে আরও বক্তব্য দেন বরিশাল-৪ (মেহেন্দীগঞ্জ-হিজলা) আসনের প্রার্থী রাজীব আহসান, ঝালকাঠী-২ (ঝালকাঠী-সদর) আসনের ইলেন ভুট্টো, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) আবুল হোসেন খান, বরগুনা-২ আসনের নুরুল ইসলাম মণি, বরিশাল-৫ (সদর) আসনের মজিবর রহমান সরোয়ার, ভোলা-১ (ভোলা সদর) আন্দালিব রহমান পার্থ, ভোলা-৩ আসনের হাফিজ উদ্দিন আহমেদ বীরবিক্রম, বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনের অ্যাডভোকেট জয়নুল আবেদীন, পটুয়াখালী-১ আসনের আলতাফ হোসেন চৌধুরী, স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমানসহ অন্যরা।






## বরিশালে তারেক রহমানের আগমনে জনসমুদ্রে বেলস পার্ক

কীর্তনখোলা রিপোর্ট
দীর্ঘ দুই দশক পরে বরিশালের জনসভার মঞ্চে দাঁড়ালেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি'র) চেয়ারম্যান তারেক রহমান। নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে বুধবার (৪ ফেব্রুয়ারি) তাঁর বরিশাল আগমনকে কেন্দ্র করে ভোর থেকেই বিভাগের বিভিন্ন জেলা ও উপজেলা থেকে দলীয় নেতা-কর্মীরা নগরীর বান্দ রোডের বেলস পার্কের সমাবেশস্থলে জড়ো হতে থাকেন। দলীয় কর্মসূচি অনুযায়ী সকাল ১১টায় ঢাকা থেকে হেলিকপ্টারযোগে বরিশালের উদ্দেশে রওনা হন তারেক রহমান। দুপুর ১২টায় তিনি বরিশাল স্টেডিয়ামে পৌঁছান। সেখান থেকে গাড়িবহর নিয়ে নগরীর বান্দ রোডের বেলস পার্কের জনসভাস্থলে আসেন তিনি। পথে সড়কের দুই পাশে অবস্থান নেওয়া বিএনপির নেতা-কর্মীরা ফুলেল শুভেচ্ছা ও স্লোগানে তাঁকে স্বাগত জানান। দুপুর সাড়ে ১২ টায় তিনি জনসভার মঞ্চে উপস্থিত হন। সমাবেশকে কেন্দ্র করে মঙ্গলবার রাত ২ এর পাতায় দেখুন



## বরিশালে তারেক রহমানের জন্য আব্বাসের অপেক্ষার গল্প

সাইফুল্লাহ সাইফ
বরিশালের বেলস পার্কে সমাবেশের ভিড়ে এক নজর তাকালেই চোখে পড়বে মো. আব্বাস মিয়াজিকে। মাথায় ধানের আদলে তৈরি নিপুণ মাথাল, গায়ে ধানের ছড়া দিয়ে তৈরি বিশেষ জ্যাকেট। সাইকেলের সামনে উড়ছে লাল-সবুজ, পেছনে দলীয় নিশান। এই সাজে দ্বীপজেলা ভোলার দুর্গম পথ পেরিয়ে বরিশালে এসেছেন আব্বাস। উদ্দেশ্য একটাই, আজকের জনসমাবেশে প্রিয় নেতা তারেক রহমানকে একনজর দেখা। ভিড়, শোরগোল আর রঙিন চিহ্নের ভিড়ে আব্বাস যেন চলমান এক প্রতীক। আব্বাসের চোখে তখন উচ্ছ্বাস আর দীর্ঘ দিনের জমে থাকা কষ্ট একসঙ্গে। কথা বলতে গেলে ভেসে আসে পুরনো ক্ষত। তিনি বলেন, "২০২২ সালের নভেম্বরে এই বেলস পার্কেই বিএনপির এক সমাবেশে অংশ নিয়ে বেসরকারি টেলিভিশনে কথা বলেছিলেন। তার পরই নেমে আসে ২ এর পাতায় দেখুন

## ইনসাফের বাংলাদেশ গড়তে ঈগল ও 'হ্যাঁ ভোট' দিতে হবে: ফুয়াদ

বাবুগঞ্জ প্রতিনিধি
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) সাধারণ সম্পাদক ও ১১ দলীয় জোটের প্রার্থী ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ বলেছেন, ইনসাফের বাংলাদেশ গড়তে ঈগলের পাশাপাশি 'হ্যাঁ'-তে ভোট দিতে হবে। এতে জনগণের সরকার গঠনের মাধ্যমে উন্নয়নের ধারা প্রবাহিত হবে। নয়তো বাংলাদেশে আবারও ২ এর পাতায় দেখুন

## বাকেরগঞ্জে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধ হলেন নেতা-কর্মীরা

মো: মনিরুল ইসলাম, বাকেরগঞ্জ
আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-৬, বাকেরগঞ্জ আসনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি'র মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা আবুল হোসেন খানকে ধানের শীষে ভোট দিন দাবিতে বাকেরগঞ্জ বিএনপির কার্যালয় সকাল দশটার সময় সভা অনুষ্ঠিত হয়। সকল জল্পনা-কল্পনার অবসাদ ঘটিয়ে সকল নেতা ও কর্মীরা ঐক্য হয়ে বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের কথা ও প্রতিশ্রুতি অনুযায়ী সকল নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে কাজ করবেন অঙ্গীকার ও ঐক্যবদ্ধ হয়েছেন। আবুল হোসেন খান তিনি বলেন যে চাঁদা মুক্ত দুর্নীতিমুক্ত, সন্ত্রাসমুক্ত, মাদকমুক্ত বাকেরগঞ্জের উন্নয়ন করাই তার একমাত্র লক্ষ্য। এ সময়ে বিভিন্ন বক্তাগণ তাদের মূল্যবান বক্তব্য রাখেন। বিএমপির অন্যতম নেতা অধ্যক্ষ মোঃ মশিউর রহমান মাসুদ, মো: শওকত হোসেন হাওলাদার ২ এর পাতায় দেখুন

# সম্পাদকীয়

## ভীতিকর পরিবেশ কাম্য নয়

জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা পর্যন্ত। বাকি আর মাত্র ৯ দিন। সাধারণত এই সময়ে দেশব্যাপী একটি উৎসবমুখর পরিবেশ তৈরি হয়। এবার সেই পরিবেশের কিছুটা ঘাটতি দেখা যাচ্ছে। মানুষের মাঝে এক ধরনের ভয় ও আতঙ্ক কাজ করছে। আর তার অন্যতম কারণ হচ্ছে অবনতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতি। যেমন বাড়ছে খুন-সন্ত্রাসসহ সাধারণ অপরাধ, তেমনি বাড়ছে রাজনৈতিক সহিংসতা, মব সন্ত্রাস ও হত্যাকাণ্ড। প্রকাশিত একাধিক প্রতিবেদনে এমন চিত্রই উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, গত বছরের জানুয়ারি থেকে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত ১৩ মাসে সারা দেশে শুধু রাজনৈতিক সহিংসতায় ১৪৬ জন নিহত হয়েছেন। প্রার্থী, সম্ভাব্য প্রার্থী, দলীয় কর্মী-সমর্থক অনেকেই আক্রান্ত হয়েছেন। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, গত ১২ ডিসেম্বর থেকে চলতি বছরের ২৬ জানুয়ারি পর্যন্ত ৪৫ দিনে সারা দেশে ১৪৪টি নির্বাচনী সহিংসতার ঘটনা ঘটে। এর মধ্যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে ৫৫টি সংঘর্ষের ঘটনা ঘটে। ভীতি প্রদর্শন ও আক্রমণাত্মক আচরণের ঘটনা ঘটেছে ১১টি, প্রার্থীর ওপর আক্রমণের ঘটনা ছয়টি এবং অবৈধ অস্ত্রের ব্যবহার দুটি। এর বাইরে প্রচারকাজে বাধা প্রদানের ঘটনা ১৭টি, নির্বাচনসংশ্লিষ্ট অফিস ও প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা আটটি, অবরোধ-বিক্ষোভের মতো ঘটনা ১০টি, সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা একটি এবং অন্যান্য ঘটনা ২৪টি। সর্বশেষ গত শুক্রবারও নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ায় দুটি রাজনৈতিক দলের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে আহত হন অন্তত ১০ জন। পুলিশ ও মানবাধিকার সংস্থার তথ্য বলছে, দেশের বিভিন্ন এলাকায় ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত ৬৫টি রাজনৈতিক সহিংসতার ঘটনায় ১০ জন নিহত এবং ৫৫৫ জন আহত হয়েছেন। অপরাধ বিশ্লেষকরা বলছেন, সাংঘর্ষিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোকে আরো দায়িত্বশীল হতে হবে। ভোটের মাঠে বিদ্যমান আতঙ্ক দূর করতে হবে। এদিকে রাজনৈতিক সহিংসতার পাশাপাশি অন্যান্য অপরাধ কর্মকাণ্ডও দ্রুত বাড়ছে। প্রতিনিয়ত খুনাখুনি বা লাশ উদ্ধারের ঘটনা ঘটছে। পুলিশ, মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) ও আসক এবং হাসপাতাল সূত্রে জানা যায়, চলতি বছরের ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত সারা দেশে প্রতিদিনই একাধিক ব্যক্তি খুন হয়েছেন। গতকালের কালের কণ্ঠ অনুযায়ী, গত বৃহস্পতিবার রাতে নরসিংদীর বেলাব উপজেলায় এক সাবেক ছাত্রলীগ নেতার বস্তাবন্দি মৃতদেহ উদ্ধার করা হয়। রাজশাহীতে স্ত্রীর লাশসহ এক সাংবাদিককে আহত অবস্থায় উদ্ধার করা হয়। আরো দুই জেলায় দুই হত্যাকাণ্ড ঘটে ও দুই লাশ উদ্ধার করা হয়। জানা গেছে, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর প্রায় ৯ লাখ সদস্য এবার নির্বাচনী নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালন করবেন। ভোটের চার দিন আগে থেকে এই বিশাল বাহিনী মাঠে নামবে। তবে এর আগেই সারা দেশে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর বিশেষ অভিযান চলছে। কিন্তু তার পরও দেশে রাজনৈতিক সহিংসতার ঘটনা বেড়েই চলেছে, যা নিয়ে প্রবল আশঙ্কা প্রকাশ করছেন নির্বাচনসংশ্লিষ্ট ব্যক্তিরা। এরই মধ্যে যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ সহিংসতার আশঙ্কায় বাংলাদেশে অবস্থানরত তাদের নাগরিকদের জন্য সতর্কতা জারি করেছে। আমরা আশা করি, আসন্ন নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে প্রশাসন আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবে। ভীতিকর পরিবেশ কোনোভাবেই কাম্য নয়।

## বরিশালে তারেক রহমানের

দমন-পীড়ন। 'আওয়ামী লীগের বর্বরতার শিকার হয়েছি,' বলতেই গলা ভারী হয়ে আসে তার।" এরপর একনাগারে গরগর করে বলেন, একটি মামলায় শেষ হয়নি। একের পর এক মামলায় ভিটেবাড়ি ছাড়তে হয়েছে। এখন দিনমজুরের কাজ করে কোনোমতে সংসার চলে। তবু দলের টান ছাড়তে পারেননি। সেই টানেই আবার বরিশাল। আব্বাস মিয়াজি বলেন, 'সব হারিয়েছি, তবু বিশ্বাস হারাইনি। সেই বিশ্বাসই আমাকে আবার বরিশালে টেনে এনেছে। যতদিন বেঁচে থাকব, ততদিনই বিএনপির জয়গান গাইব। নির্যাতন, হামলা-মামলা দিয়ে আমাকে আর থামানো যাবে না।' এ কথা বলেই তিনি ভিড়ের দিকে এগিয়ে যান। মাঠের সাজসজ্জা তখন শেষ পর্যায়ে। ৬০ ফুট লম্বা, ৪০ ফুট চওড়া মঞ্চ তৈরি হয়েছে। কেন্দ্রীয় নেতারা তদারকি করছেন, স্থানীয় নেতারা ব্যস্ত। নেতাদের মতে, সব প্রস্তুতি সম্পন্ন। বুধবার সকাল ১১টায় হেলিকপ্টারযোগে বরিশালে পৌঁছান তারেক রহমান, দুপুর ১২টায় শুরু হয় জনসমাবেশ। সমাবেশে অংশগ্রহণকারীদের নিরাপত্তার বিষয়ে চিন্তাও রয়েছে। বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন আলাল বলেন, 'কয়েক লাখ মানুষের উপস্থিতি হবে ধরে নিয়েই প্রস্তুতি নেওয়া হয়েছে। শৃঙ্খলা বজায় রেখেই সমাবেশ হবে।' দলীয় নেতাদের কণ্ঠে দীর্ঘ অপেক্ষার সুর। বরিশালের রাজনৈতিক স্মৃতিতে এই অপেক্ষা নতুন নয়। ২০০৫ সালে সবশেষ বিএনপির বরিশাল বিভাগীয় তৃণমূল সমাবেশে এসেছিলেন তারেক রহমান। এরপর কেটে গেছে প্রায় ২০ বছর। এই সময় বদলেছে রাজনীতি, বদলেছে মানুষের জীবন। কিন্তু বদলায়নি মানুষদের আগ্রহ ও অপেক্ষা। বেলস পার্কের সমাবেশ ঘিরে গড়ে উঠেছে মানুষের মিলনমেলা। জমে উঠছে অসংখ্য মানুষের না-বলা গল্প, কারো গল্পে হারানো ঘর, কারো গল্পে মামলা আর নিরন্তর ভয়, কেউ বা শুধু তারেক রহমানকে এক ঝলক দেখার আকুতি। ধানের মাথাল পরা আব্বাস মিয়াজিও সেই ভিড়েরই একজন। তার কাছে এই সমাবেশ নিছক রাজনৈতিক আয়োজন নয়, এ যেন নিজের বিশ্বাসকে আবার ছুঁয়ে দেখার এক মুহূর্ত। বেলস পার্কে ভিড়, উড়ন্ত পতাকা আর আলো দেখেই আব্বাসের ক্লান্তি আর আশা এক সঙ্গে ফুটে উঠছে। রাজনীতি শুধু কথা নয়- মানুষের জীবন।

## ইনসাফের বাংলাদেশ গড়তে

ফ্যাসিস্টের সরকার গঠন হবে। মঙ্গলবার বিকালে দেহেরগতি ইউনিয়নের বাহেরচর, ইদেল কাঠি, রাকুদিয়া নতুনহাটে গণসংযোগ ও পথসভায় তিনি এসব কথা বলেন। পথসভায় ব্যারিস্টার ফুয়াদ বলেন, নষ্ট রাজনীতি আমরা আর করতে চাই না। আমরা চাই পরিবর্তনের রাজনীতি। দীর্ঘ ৫৫ বছরে বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনটি অবহেলিত। সব সম্ভাবনা থাকা সত্ত্বেও শুধুমাত্র সৎ ও যোগ্য ব্যক্তির হাতে ক্ষমতা না থাকায় বৈষম্যের শিকার হতে হয়েছে বাবুগঞ্জসহ এই জনপদের মানুষদের। আমরা পূর্বের ধারা চলতে দিতে পারি না। এ কারণেই ইনসাফের বাংলাদেশ গড়ে জামায়াতের নেতৃত্বে ১১ দলীয় জোটের এবি পার্টির প্রার্থীকে ঈগল প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান তিনি। এ সময় তার সঙ্গে ছিলেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আজিজুর রহমান অলিদ, উপজেলা জামায়াতের আমির রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুস সালাম মাঝি, রুহুল আমিন খায়ের, জেলা এবি পার্টির সদস্য সচিব জিএম রাব্বি, সাইফুল ইসলাম প্রমুখ।

## বাকেরগঞ্জে ধানের শীষের পক্ষে

সাবেক চেয়ারম্যান, কলসকাটি ইউপি, মোঃ হারুন শিকদার সাবেক চেয়ারম্যান ভরপাশা ইউপি, মোঃ মতিউর রহমান মোল্লা, পৌর বিএনপি নেতা, এডভোকেট মজিবুর রহমান মোল্লা, মোঃ মিজানুর রহমান মোল্লা, আব্দুল আলিম, মাওলানা আনোয়ার হোসেন সহ অনেক নেতৃবৃন্দ, বক্তারা সকলে আগামী ১২ তারিখ ধানের শীষে বিজয়ের মালা নিয়ে আসবেন, জনাব তারেক রহমানের হাতকে শক্তিশালী করে দেশের উন্নয়নে জনগণের পক্ষে কাজ করবে।

## বরিশালে তারেক রহমানের আগমনে

থেকেই বিভাগের বিভিন্ন জেলা ও উপজেলা থেকে নেতা-কর্মীরা বরিশালে আসতে শুরু করেন। বরগুনা জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম (রনি) জানান, বরগুনা থেকে বহু নেতা-কর্মী আগের রাতেই বরিশালে পৌঁছেছেন। ?বুধবার ভোরে আরও অনেক নেতা-কর্মী সমাবেশে যোগ দিতে রওনা হন। বরিশালের বাবুগঞ্জ উপজেলার জাহাঙ্গীরনগর ইউনিয়ন থেকে ভোরে সমাবেশে আসেন মহিলা দলের কর্মী নাসিমা বেগম ও কাকলী আক্তার। তাঁরা আগের রাতেই বরিশালে এসে আত্মীয়দের বাসায় অবস্থান নেন। ?নাসিমা বেগম বলেন, "ভোরে ফজরের নামাজ পড়ে মাঠে এসেছি। আমাদের কোনো ব্যক্তিগত চাওয়া নেই, শুধু চাই দেশটা সুন্দর হোক। সকালে গিয়ে দেখা যায়, জনসভার জন্য মাঠ ও মঞ্চ পুরোপুরি প্রস্তুত। মাঠের পূর্ব পাশে বিশাল মঞ্চ নির্মাণ করা হয়েছে। নারী নেতা-কর্মীদের জন্য বাঁশ দিয়ে আলাদা বসার ব্যবস্থা করা হয়েছে। পুরো নগরী ও সমাবেশস্থল ব্যানার, ফেস্টুন ও তোরণে ছেয়ে গেছে। উল্লেখ্য, সর্বশেষ ২০০৮ সালে এই বেলস পার্কের মাঠে নির্বাচনী জনসভা করেছিলেন বিএনপির সাবেক চেয়ারপারসন ও প্রয়াত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। দীর্ঘ ১৬ বছর পর সেই একই মাঠে দলের পরবর্তী প্রজন্মের কাণ্ডারি তারেক রহমানের আগমনে দক্ষিণাঞ্চলে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়েছে। এর আগে তিনি সর্বশেষ বরিশাল সফর করেন ২০০৬ সালের ১৪ মে। বিএনপির চেয়ারম্যানের উপদেষ্টা ও বরিশাল সদর আসনের বিএনপি মনোনীত প্রার্থী মজিবর রহমান সরোয়ার বলেন, "বাংলাদেশের মানুষের আশা-ভরসার প্রতীক তারেক রহমান। বরিশালের মানুষ তাঁর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে। তাঁকে একনজর দেখার জন্য জনসভাস্থল জনসমুদ্রে পরিণত হয়েছে। এই সমাবেশের মাধ্যমে তিনি দক্ষিণাঞ্চলের উন্নয়ন ও ভবিষ্যৎ রাজনীতির বার্তা দিয়েছেন। সমাবেশ শেষে দুপুর ১টার দিকে তারেক রহমান ফরিদপুরের উদ্দেশে বরিশাল ত্যাগ করেন।

## ফেসবুক-ইউটিউবে নির্বাচনী

নির্বাচনী প্রচার-প্রচারণার ক্ষেত্রে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ইসি সচিবালয়ের পরিচালক (জনসংযোগ) ও তথ্য প্রদানকারী কর্মকর্তা মো. রুহুল আমিন মল্লিক জানান, এসংক্রান্ত একটি চিঠি সব রিটার্নি অফিসারকে পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার-প্রচারণার ক্ষেত্রে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫-এর বিধি ১৬-তে উল্লেখ রয়েছেড় 'সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনী প্রচারণায় কোনো প্রার্থী বা তার নির্বাচনী এজেন্ট বা প্রার্থীর পক্ষে অন্য কোনো ব্যক্তি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে নির্বাচনী প্রচার-প্রচারণা পরিচালনা করতে পারবে। তবে সে ক্ষেত্রেড় (ক) প্রার্থী বা তার নির্বাচনী এজেন্ট বা দল বা প্রার্থী সংশ্লিষ্ট সামাজিক যোগাযোগ মাধ্যমের নাম, অ্যাকাউন্ট আইডি, ই-মেইল আইডিসহ অন্যান্য শনাক্তকরণ তথ্যাদি উক্তরূপে প্রচার-প্রচারণা শুরুর পূর্বে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করবেন।' রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫-এ নির্বাচনী ব্যয়সীমা সম্পর্কে বিধি ২২-এর (২)-এ আরো উল্লেখ রয়েছে যে, 'কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোনো নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা তৎকর্তৃক মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোনো ব্যক্তি কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচন বিষয়ক কোনো কনটেন্ট তৈরি, বিজ্ঞাপন প্রদান, বুস্টিং ও স্পন্সরশিপসহ সব প্রচার-প্রচারণার ব্যয়ের শিরোনামে সামগ্রিক নির্বাচনী ব্যয়সহ নির্বাচন কমিশন বরাবর দাখিল করবেন।' এ ক্ষেত্রে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার প্রচারণায় যে ব্যয় হবে তা নির্বাচনী ব্যয় হিসেবে অন্তর্ভুক্ত করে রিটার্নিং অফিসারকে দাখিল করার বিধান রয়েছে। এমতাবস্থায় রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায় উল্লিখিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। একইসাথে রিটার্নিং অফিসারগণকে রাজনৈতিক দল ও প্রার্থীগণ কোন কোন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করছে, সে সংক্রান্ত তথ্য নির্বাচন কমিশন সচিবালয়ে জনসংযোগ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

## ক্ষমতায় গেলে তরুণ-তরুণীদের

করবে বাংলাদেশ জামায়াতে ইসলামী। একই সঙ্গে সামরিক বাহিনীর প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন কার্যক্রম সমন্বিতভাবে এগিয়ে নেওয়ার জন্য একটি জাতীয় সামরিক গবেষণা প্রতিষ্ঠান স্থাপন করার প্রতিশ্রুতি দিয়েছে দলটি। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ঘোষিত নির্বাচনি ইশতেহারের কার্যকর প্রতিরক্ষা স্বাধীনতার পূর্বশর্ত অংশে এ প্রতিশ্রুতি দিয়েছে জামায়াত। বুধবার (৪ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানীর বনানীর হোটেল শেরাটনে এ ইশতেহার ঘোষণা করা হয়। দলটির আমির ডা. শফিকুর রহমান ইশতেহার ঘোষণা করেন। ইশতেহারে সামরিক খাত নিয়ে ৯টি পয়েন্টে বিভিন্ন প্রতিশ্রুতি দিয়েছে জামায়াত। সেগুলোর মধ্যে রয়েছে, জাতীয় প্রতিরক্ষা নীতি প্রণয়ন বর্তমান বিশ্বব্যবস্থা ও যুগের প্রতিরক্ষা বাস্তবতা সামনে রেখে দেশের সব প্রতিরক্ষা অংশীজনের সাথে সমন্বয় করে একটি যুগোপযোগী জাতীয় প্রতিরক্ষা নীতি প্রণয়ন করা হবে। নতুন মিলিটারি ডকট্রিন তৈরির বিষয়ে বলা হয়েছে, জাতীয় প্রতিরক্ষা নীতিমালার আলোকে পুরোনো ভিশন ২০৩০ আধুনিকায়ন ও সময়োপযোগী করে ভিশন ২০৪০ তৈরি করা হবে। বাংলাদেশ সামরিক বাহিনীর প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন কার্যক্রম সমন্বিতভাবে এগিয়ে নেওয়ার জন্য একটি জাতীয় সামরিক গবেষণা প্রতিষ্ঠান স্থাপন করা হবে। এ সংস্থার প্রধান লক্ষ্য হবে বাংলাদেশকে অত্যাধুনিক প্রতিরক্ষা প্রযুক্তিতে শক্তিশালী এবং গুরুত্বপূর্ণ প্রতিরক্ষাব্যবস্থা ও সরঞ্জামগুলোতে আত্মনির্ভরশীলতা অর্জনে সব ধরনের গবেষণা সহায়তা প্রদান ও সমন্বয় করা। ইশতেহারে সামরিক বাহিনীর বাজেট বরাদ্দ বৃদ্ধি ও আধুনিকীকরণ বিষয়েও স্পষ্ট প্রতিশ্রুতি রয়েছে। এ প্রসঙ্গে বলা হয়েছে, দেশের সার্বিক সামরিক সক্ষমতা বৃদ্ধি ও নিজস্ব সামরিক প্রযুক্তি অর্জন, বিকাশ ও সুদূরপ্রসারী সক্ষমতা সুদৃঢ়করণের লক্ষ্যে প্রতিরক্ষা যাতে ব্যয় পর্যায়ক্রমে বাড়ানো হবে। নিজস্ব সামরিক সক্ষমতা অর্জন ও প্রযুক্তির বিকাশ সুদৃঢ়করণের বিষয়ে বলা হয়েছে যে, শতভাগ সামরিক আত্মনির্ভরতা অর্জনের লক্ষ্য সামনে রেখে সামরিক সরঞ্জাম উৎপাদন ও প্রতিরক্ষা প্রযুক্তি অর্জন নিশ্চিত করে ২০৪০ সালের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণ অস্ত্র দেশে তৈরির সক্ষমতা অর্জন করা হবে। গোয়েন্দা সংস্থাগুলোর আধুনিকীকরণ করা হবে উল্লেখ করে বলা হয়েছে, রাষ্ট্রীয় ও সামরিক নিরাপত্তা নিশ্চিতকল্পে সামরিক গোয়েন্দা সংস্থাগুলোর আধুনিকীকরণ, সংস্কার ও পুনঃবিন্যাস করা। ইশতেহারে আরও উল্লেখ করা হয়েছে, স্বেচ্ছাসেবী হিসেবে সামরিক প্রশিক্ষণ বিষয়ে ১৮-২২ বছর বয়সী তরুণ-তরুণীদের জন্য ৬-১২ মাসের একটি সামরিক প্রশিক্ষণের ব্যবস্থা চালু করার প্রক্রিয়া অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। দেশের জনসংখ্যার অনুপাতে পর্যায়ক্রমে সেনাসদস্য সংখ্যা বাড়ানো হবে। সীমান্তে মাদক চোরাচালানসহ সব প্রকাশ্য অবৈধ ও অপরাধমূলক কাজ প্রতিরোধে সীমান্তরক্ষী বাহিনীর সক্ষমতা বাড়ানো হবে।

## নির্বাচনে দায়িত্ব পালনে

ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে। ম্যাজিস্ট্রেট নিয়োগ দিয়ে মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। নির্বাহী ম্যাজিস্ট্রেটরা আগামী ৮ থেকে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত দায়িত্ব পাওয়া এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবেন। প্রজ্ঞাপনে জানানো হয়, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে নিয়োজিত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, বিভিন্ন মোবাইল ও স্ট্রাইকিং ফোর্সের সঙ্গে বিশেষ করে বিজিবি ও কোস্টগার্ডের সঙ্গে দায়িত্বপালনের লক্ষ্যে নির্বাচনি এলাকার আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধ কার্যক্রম সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার জন্য 'ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮', যা 'ফৌজদারি কার্যবিধি (সংশোধন) আইন, ২০০৯' দ্বারা সংশোধিত, এর ১০(৫) ধারার বিধান অনুযায়ী এসব কর্মকর্তাকে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ করা হয়েছে। তাদের আগামী ৮ ফেব্রুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত মোবাইল কোর্ট আইন মোতাবেক এ আইনের তফসিলভুক্ত আইনে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হলো। নির্বাহী ম্যাজিস্ট্রেটদের জন্য প্রশিক্ষণ, যোগদান ও দায়িত্ব পালনের বিষয়ে একাধিক নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের জেলাসমূহে নিয়োগপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটরা আগামী ৫ ফেব্রুয়ারি (প্রথম ব্যাচ) সকাল ১০টায় এবং খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের জেলাগুলোতে নিয়োগপ্রাপ্তরা একই দিন (দ্বিতীয় ব্যাচ) দুপুর ২টা ৩০ মিনিট থেকে জুম প্ল্যাটফর্মে আবশ্যিকভাবে প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নেবেন। সংশ্লিষ্ট জুম মিটিংয়ের আইডি ও পাসকোড সংশ্লিষ্ট কর্মকর্তাদের মোবাইল ফোন ও ই-মেইলে পাঠানো হবে। এছাড়া, নিয়োগপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটদের আগামী ৭ ফেব্রুয়ারি সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা রিটার্নিং অফিসারের কাছে আবশ্যিকভাবে যোগদান বা রিপোর্ট করতে হবে। একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা রিটার্নিং অফিসারকে ওইদিন রাত ৮টার মধ্যে যোগদান সংক্রান্ত প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠানোর বিষয়টি নিশ্চিত করতে বলা হয়েছে প্রজ্ঞাপনে। নির্দেশনায় আরও বলা হয়েছে, সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট তার অধিক্ষেত্রের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটদের মোবাইল কোর্ট পরিচালনার জন্য অধিক্ষেত্র নির্ধারণ ও দায়িত্ব বণ্টন করতে পারবেন। ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের মোবাইল কোর্ট পরিচালনার বিষয়টি নিয়মিত সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিত রাখতে হবে। এছাড়া, মোবাইল কোর্ট পরিচালনার তথ্য নির্ধারিত ছকে প্রতিদিন সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট ও রিটার্নিং অফিসারের কাছে পাঠানোর নির্দেশনাও দেওয়া হয়েছে।

## মব ভায়োলেন্স বলে

মধ্যে কোনো ভীতি কাজ করছে না। নির্বাচন শান্তিপূর্ণ হবে।' বুধবার (৪ ফেব্রুয়ারি) বিকেল ৪টার দিকে রাজশাহী কারা প্রশিক্ষণ একাডেমি মিলনায়তনে নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় যোগ দেওয়ার পর তিনি এসব কথা বলেন। তিনি বলেন, কোনো প্রার্থী অশোভন আচরণ করলে ও সেটি সমাজে প্রকাশ পেলে এমনিতে কোণঠাসা হয়ে যাবে। বেশি কিছু করলে ব্যবস্থা নেওয়া হবে।' জাহাঙ্গীর আলম চৌধুরী জানান, নির্বাচনে কোনো সহিংসতা হবে না। আইনশৃঙ্খলা রক্ষা বাহিনীর প্রস্তুতি ভালো। নির্বাচনকে কেন্দ্র করে অবৈধ অস্ত্র নিয়মিত উদ্ধার হচ্ছে। সভায় উপস্থিত ছিলেন, বর্ডারগার্ড বাংলাদেশের মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক এ কে এম শহিদুর রহমান, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ, অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক খন্দকার রফিকুল ইসলাম, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গণি।

## মুলাদীতে ধানের শীষের পক্ষে যুবদলের প্রচারণা

**মুলাদী প্রতিনিধি**

এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মুলাদী-বাবুগঞ্জ আসনের ধানের শীষের মনোনীত প্রার্থী আলহাজ্ব এ্যাড. জয়নুল আবেদিনর পক্ষে ভোট প্রার্থনা করে পৌরসভার ৭নং ওয়ার্ডে লিফলেট বিতরন করেন, যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক সংসদীয় আসনভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় যুবদল নেতা মাহমুদ খান। গতকাল মঙ্গলবার বেলা ১১টায় মুলাদী পৌরসভার ৭নং ওয়ার্ডের বাড়ী গিয়ে ধানের শীষের ভোট প্রার্থনা করেন তিনি। এসময় তার সাথে ছিলেন, মুলাদী পৌরসভা বিএনপির যুগ্ম-আহবায়ক স্বপন হাওলাদার, জাকির হোসেন খান, মুলাদী উপজেলা যুবদলের আহবায়ক মিজানুর রহমান হাওলাদার সহ যুবদলের নেতৃবৃন্দ। ভোট প্রার্থনাকালে কেন্দ্রীয় যুবদল নেতা মাহমুদ খান ভোটারদের উদ্দেশ্যে তারেক রহমান ঘোষিত, ফ্যামিলিকার্ড, কৃষি কার্ড ও চিকিৎসা কার্ডের সুবিধার কথা তুলে ধরেন।

## কাউখালীতে মোবাইল মিল্কিং মেশিন বিতরণ

**কাউখালী প্রতিনিধি**

পিরোজপুরের কাউখালীতে উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের উদ্দ্যোগে,উপজেলার ৪জন খামারিদের মাঝে মোবাইল মিল্কিং মেশিন বিতরণ করা হয়েছে। উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বাস্তবায়নে ৩রা ফেব্রুয়ারী (মঙ্গলবার) বিকাল ৪ ঘটিকার সময় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় বেতকা ডেইরি খামারের রিজিয়া বেগম, মাগুরা ডেইরি খামারের রোকসানা বেগম, দাসেরকাঠি ডেইরি খামারের উত্তম মৃধা ও নিলতি ডেইরি খামারের আসলাম ফরাজী, এদের প্রত্যেককে একটি করে মিল্কিং মেশিন বিতরণ করা হয়। উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ সোমা সরকারের সভাপতিত্বে এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর জেলার প্রাণিসম্পদ অফিসার তরুণ কুমার সিকদার,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা সহকারী কমিশনার(ভূমি) সুদীপ্ত দেবনাথ। অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন,হাসপাতালের চিকিৎসক, সাংবাদিক ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

## বরিশালে লাশবাহী অ্যাম্বুলেন্স ও ট্রাকের সংঘর্ষ, আহত ৬

**আশরাফুল ইসলাম আমিন, গৌরনদী**

বরিশালে অ্যাম্বুলেন্স ও ট্রাকের সংঘর্ষে ছয়জন আহত হয়েছেন। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) সকালে ঢাকা-বরিশাল মহাসড়কে গৌরনদী বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদী বাসস্ট্যান্ড এলাকায় আবারও একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটেছে। মৃত শিশুর মরদেহ বহনকারী একটি অ্যাম্বুলেন্স নিয়ন্ত্রণ হারিয়ে বিপরীত দিক থেকে আসা একটি মিনি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় অ্যাম্বুলেন্সের চালকসহ দুইজন পুরুষ ও দুইজন নারী আহত হন। আহতদের দ্রুত উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর বলে জানা গেছে। স্থানীয়রা জানান, অ্যাম্বুলেন্সটি ঢাকা থেকে বরিশালের উদ্দেশ্যে যাত্রা করছিল। গৌরনদী এলাকায় পৌঁছালে হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে অপর দিক থেকে আসা একটি মিনি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে অ্যাম্বুলেন্সটি দুমড়ে-মুচড়ে যায় এবং ভেতরে থাকা যাত্রীরা গুরুতর আহত হন। উল্লেখ্য, মাত্র তিন দিন আগেও একই স্থানের প্রায় আধা কিলোমিটার দূরত্বে একই ধরনের একটি দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, এক শিশুর মরদেহ নিয়ে অ্যাম্বুলেন্সটি বরিশালের দিকে যাচ্ছিল। এ সময় গৌরনদী বাসস্ট্যান্ডসংলগ্ন এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বিপরীত দিক থেকে আসা ট্রাকের সঙ্গে ওই অ্যাম্বুলেন্সের সংঘর্ষ হয়। এতে ট্রাকচালকসহ ছয়জন আহত হন। পরে তাদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানান ওসি।

## কুয়াকাটায় ফ্রি হোটেল ম্যানেজমেন্ট ও ই-টিকিটিং কোর্সের উদ্বোধন

**কলাপাড়া প্রতিনিধি**

পর্যটন কেন্দ্র কুয়াকাটায় ফ্রি হোটেল ম্যানেজমেন্ট, ই-টিকিটিং ও রিজার্ভেশন কোর্সের উদ্বোধন করা হয়েছে। বুধবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১০টায় কুয়াকাটা পৌর অডিটোরিয়ামে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. কাউছার হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির উদ্বোধন করেন। কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. মোতালেব শরীফের সভাপতিত্বে এবং স্বেচ্ছাসেবী সংগঠন রুরাল ইনহ্যান্সমেন্ট অর্গানাইজেশন (রিও)-এর নির্বাহী পরিচালক মো. সাইদুর রহমান সাইদের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার মো. মনিরুজ্জামান খান, সিকদার রিসোর্টের জেনারেল ম্যানেজার মো. আনোয়ার-উল আজিম, হোটেল সি ক্রাউনের ম্যানেজার মো. আবুল কালাম, মহিপুর প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মো. হাবিবুল্লাহ খান রাব্বী এবং কুয়াকাটা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. হোসাইন আমীর। রিও সূত্রে জানা গেছে, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় এবং রিও'র বাস্তবায়নে তিন মাস মেয়াদি এই প্রশিক্ষণ কোর্সটি বিনামূল্যে পরিচালিত হবে। রিও'র নির্বাহী পরিচালক মো. সাইদুর রহমান সাইদ বলেন, এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচি তরুণদের কর্মসংস্থান সৃষ্টি ও আত্মনির্ভরশীল করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## কুয়াকাটা সৈকতে ভেসে আসছে অসংখ্য মৃত জেলিফিশ

**কলাপাড়া প্রতিনিধি**

পটুয়াখালীর কুয়াকাটা সৈকতে সাগর থেকে ভেসে আসছে অসংখ্য মৃত জেলিফিশ। গত কয়েক দিন ধরে জোয়ারের সময় এসব জেলিফিশ ভেসে এসে সৈকতের লেম্বুরবন, মাঝিবাড়ি, ঝাউবনসহ বিভিন্ন পয়েন্টে আটকা পড়ছে। দিন দিন মরা জেলিফিশের সংখ্যা বাড়ছে। রোদে শুকিয়ে এগুলো থেকে ছড়াচ্ছে দুর্গন্ধ। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা যায়, প্রায় ১৮ কিলোমিটার দীর্ঘ কুয়াকাটা সৈকতের বিভিন্ন স্থানে ছড়িয়ে-ছিটিয়ে পড়ে আছে মৃত জেলিফিশ। প্রতিবছর মার্চ-এপ্রিল মাসে কিছু জেলিফিশ তীরে ভেসে এলেও এবার আগেভাগেই সাগরে জেলিফিশের আধিক্য দেখা যাচ্ছে। স্থানীয় বাসিন্দারা বলছেন, এমন পরিস্থিতি তারা আগে কখনো দেখেননি। সাগরের পানিতে লবণাক্ততা বেড়ে যাওয়ায় জেলিফিশগুলো মারা পড়ছে বলে ধারনা করছেন জেলেরা। বর্তমানে সাগরে জাল ফেললেই জেলিফিশ আটকে যাচ্ছে। এতে মাছ ধরা ব্যাহত হচ্ছে এবং জেলেরা বিপাকে পড়েছেন। তবে জেলিফিশ মারা যাওয়ার সুনির্দিষ্ট কারণ এখনো নিশ্চিত হওয়া যায়নি। মৎস্যবিদ্যা ও ওয়ার্ল্ডফিশের সাবেক গবেষণা সহকারী মো. বখতিয়ার রহমান বলেন, সমুদ্রে জেলিফিশ বৃদ্ধির পেছনে উষ্ণ পানির তাপমাত্রা, অতিরিক্ত মাছ ধরা, দূষণ এবং খাদ্যের প্রাচুর্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কলাপাড়া উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা অপু সাহা বলেন, গত কয়েক দিন ধরে জেলিফিশগুলো উপকূলের কাছাকাছি চলে এসে জেলেদের জালে আটকা পড়ছে। আবহাওয়ার পরিবর্তন হলে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসতে পারে।

## বাকেরগঞ্জে আওয়ামী লীগ নেতার বাড়িতে অগ্নিসংযোগ

**বাকেরগঞ্জ প্রতিনিধি**

বরিশালের বাকেরগঞ্জ উপজেলার কবাই ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবদুল জব্বার সিকদারের বাড়িতে অগ্নিসংযোগের অভিযোগ পাওয়া গেছে। মঙ্গলবার ভোররাতে উপজেলার কবাই ইউনিয়নের শিয়ালঘুনি গ্রামে এ অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। তবে কে বা কারা এ ঘটনা ঘটিয়েছে তা নিশ্চিত করতে পারেনি পুলিশ। আওয়ামীলীগ নেতা আবদুল জব্বার সিকদারের ভাইপো ইয়াছিন সিকদার জানান, সোমবার বেলা ১২ টার সময় তিনি বাড়ী সংলগ্ন নদীর তীর থেকে নিজ বাড়িতে ফিরছিলেন। এসময় তিনি তার চাচা জব্বার সিকদারের বাড়ীর ভেতর থেকে আগুনে পোড়া গন্ধ পান। তখন তিনি ওই বাড়ীর কাছে গিয়ে দেখেন বাড়ীর সামনের কক্ষের জানালার গ্লাস খোলা এবং ভেতরে খাট, একটি এয়ারকুলার ও একটি এলইডি টিভি পুড়ে ভস্মীভূত হয়েছে। বিষয়টি সাথে সাথে থানা পুলিশকে জানানো হয়েছে বলে তিনি জানান। জব্বার সিকদারের চাচাতো ভাই মোঃ রহমত উল্লাহ জানান, গত ৫ আগস্টের পর থেকে তার চাচাতো ভাই আবদুল জব্বার সিকদার ও তার পরিবারের কেউ ওই বাড়ীতে থাকেন না। বাড়ীটি লোকজন ছাড়াই সম্পূর্ণ খালি রয়েছে। এ সুযোগে দুর্বৃত্তরা জানালার গ্লাস খুলে বাড়িতে অগ্নিসংযোগ করেছে। এতে লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে তিনি জানান। বাকেরগঞ্জ থানার অফিসার ইনচার্জ কেএম সোহেল রানা বলেন, কবাইতে জব্বার সিকদারের বাড়িতে অগ্নিসংযোগের খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশের একটি টিম পাঠানো হয়েছে। তবে এখনো পর্যন্ত ভুক্তভোগী পরিবারের কেউ থানায় লিখিত অভিযোগ করেনি। তাছাড়া কে বা কারা এর সঙ্গে যুক্ত, তা কেউ নিশ্চিত করতে পারেনি। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দুর্বৃত্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

## প্রতিদ্বন্দ্বী হাসান মামুনের মায়ের কাছে দোয়া চাইলেন নুর

**গলাচিপা প্রতিনিধি**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের উত্তাপে পটুয়াখালী-৩ আসনে প্রতিদ্বন্দ্বী নুরুল হক নুর ও স্বতন্ত্র প্রার্থী হাসান মামুন একে অপরের প্রতি সৌজন্য প্রদর্শন করছেন। মঙ্গলবার বিকেলে নুরুল হক নুর হাসান মামুনের বাবার কবর জিয়ারত করে মায়ের কাছে পা ছুঁয়ে কদমবুচি করে দোয়া চেয়েছেন। হাসান মামুনের মা নুরের ওপর হাত দিয়ে আশীর্বাদ করেছেন, যা সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে সাধারণ ভোটারদের প্রশংসা কুড়িয়েছে। নির্বাচনী উত্তাপ থাকলেও নুরুল হক নুর পরিবার ও বাবা-মায়ের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেছেন। এই মানবিক আচরণ নির্বাচনী মঞ্চে প্রতিদ্বন্দ্বীতা থাকা সত্ত্বেও পরিবারের মর্যাদা রক্ষা করার দৃষ্টান্ত স্থাপন করেছে। এলাকার মানুষও বলেছেন, এই ধরনের সহনশীলতা ভোটারদের মধ্যে ইতিবাচক প্রভাব ফেলে। একই সময়ে নির্বাচনী অফিসে দুই প্রার্থী নেতাকর্মীদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন। নুরুল হক নুরের এই কর্মকাণ্ড সহিষ্ণুতার বার্তা দেয়, আর প্রতিদ্বন্দ্বী হাসান মামুনও নির্বাচনী প্রচারণা শেষে নুরের অফিসে এসে নেতাকর্মীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এতে নির্বাচনী উত্তাপের মধ্যেও শান্তি ও শীতল বাতাস বইতে শুরু করেছে। স্থানীয়দের মতে, ভোটের মঞ্চে এই ধরনের মানবিক আচরণ প্রার্থীদের গ্রহণযোগ্যতা বাড়ায় এবং ভোটারদের মধ্যে উৎসবমুখর ও শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করে। পটুয়াখালী-৩ আসনের নির্বাচনী মাঠে নুরুল হক নুরের দৃষ্টান্ত ভোটারদের মনে ইতিবাচক ছাপ ফেলেছে। তারা আশা করছেন, এই সহিষ্ণু মনোভাব আগামী নির্বাচনেও বিরাজ করবে। নির্বাচনী উত্তাপ ও প্রচারণার মধ্যে এই মানবিকতা একটি নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে, যা ভোটারদের মনে ন্যায্য ও সৌজন্যমূলক প্রতিদ্বন্দ্বীতা প্রতিষ্ঠার বার্তা ছড়াচ্ছে।

## বরিশাল-৫ আসনে ইমাম-মুয়াজ্জিনদের আস্থার প্রতিক হাতপাখা

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল-৫ আসনে ইসলামী আন্দোলন বাংলাদেশ মনোনীত সংসদ সদস্য প্রার্থী মুফতী ফয়জুল করীমের হাতপাখা প্রতীকের প্রতি আস্থা ও সমর্থন প্রকাশ করেছেন ইমাম ও মুয়াজ্জিনরা। রাত সাড়ে ৮টায় বরিশাল ক্লাবে অনুষ্ঠিত ইমাম ও মুয়াজ্জিনদের সঙ্গে মতবিনিময় সভায় তাঁরা ন্যায়, ইনসাফ ও ইসলামী মূল্যবোধভিত্তিক নেতৃত্বের প্রতি তাঁদের প্রত্যাশার কথা তুলে ধরেন। এ সময় বক্তারা বলেন, ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ রক্ষায় হাতপাখা প্রতীকই বরিশাল-৫ আসনের জন্য উপযুক্ত ও বিশ্বাসযোগ্য প্রতীক। মতবিনিময় সভায় মুফতী ফয়জুল করীম বলেন, "ইমাম ও মুয়াজ্জিনরা সমাজের নৈতিক নেতৃত্বের কেন্দ্রবিন্দু। তাঁদের আস্থা ও দোয়া নিয়েই আমি একটি দুর্নীতিমুক্ত, শান্তিপূর্ণ ও ইনসাফভিত্তিক বরিশাল গড়তে কাজ করতে চাই।" সভায় উপস্থিত ইমাম-মুয়াজ্জিনরা তাঁদের বিভিন্ন সমস্যা, প্রত্যাশা ও প্রস্তাব তুলে ধরেন এবং মসজিদকেন্দ্রিক সমাজ গঠন, নৈতিকতা চর্চা ও সামাজিক অপরাধ প্রতিরোধে সম্মিলিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সভাটি সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয় এবং হাতপাখা প্রতীকের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকারের মধ্য দিয়ে শেষ হয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাওলানা ওবাইদুর রহমান মাহবুব -মুহতামিম মাহমুদিয়া মাদরাসা, মাওলানা মির্জা নুরুর রহমান বেগ-খতিব জামে এবায়দুল্লাহ মসজিদ, মাওলানা আব্দুল হালীম-মুহতামিম বাজার রোড মাদ্রাসা,হাফেজ মাওলানা রুহুল আমীন-নায়বে মুহতামীম বাজার রোড মাদরাসা,নওমুসলিম ডা:সিরাজুল ইসলাম সিরাজী,সভাপতিত্ব করেন মাওলানা আহমাদ আলী কাসেমী। এছাড়াও অন্যান্য ওলামায়ে কেরাম আলোচনা করেন।

## ভোলায় নির্বাচনি প্রচারণাকে কেন্দ্র করে বিএনপি-জামায়াত সংঘর্ষ, আহত ৬

**ভোলা প্রতিনিধি**

ভোলা দৌলতখানে নির্বাচনি প্রচারণাকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াত নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে উভয় পক্ষের অন্তত ৬ জন আহত হয়েছেন। আহতদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। মঙ্গলবার (৩ জানুয়ারি) বেলা সাড়ে ১১টার দিকে ভোলা-২ আসনের অন্তর্গত মেদুয়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের মুন্সিরহাট এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, সকাল থেকে মেদুয়া ইউনিয়নের বিভিন্ন এলাকায় প্রচার-প্রচারণা করছিলেন জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরের নেতাকর্মীরা। তারা মুন্সিরহাট এলাকায় এলে স্থানীয় বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাদের সঙ্গে বাকবিতণ্ডা বাঁধে। একপর্যায়ে বিএনপির নেতাকর্মীরা জামায়াতের নেতাকর্মীদের সঙ্গে মারামারিতে জড়ান। এতে উভয় পক্ষের অন্তত ৬ জন আহত হন। দৌলতখান উপজেলা জামায়াতে ইসলামী আমির মো. হাসান তারেক অভিযোগ করেন, নির্বাচনি প্রচারণা করার সময় কোনো কারণ ছাড়াই ওই এলাকার বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীরা জামায়াত-শিবির কর্মীদের ওপর হামলা চালান। এতে তাদের অন্তত ৩-৪ জন আহত হয়েছেন। এর মধ্যে দুজন হাসপাতালে ভর্তি রয়েছেন। দৌলতখান বিএনপির সাধারণ সম্পাদক শাজাহান সাজু অভিযোগ করেন, জামায়াত নেতাকর্মীরা প্রচারণা করতে গিয়ে স্থানীয় বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীদের ওপর হামলা করেছেন। এতে তাদের ৩ জন আহত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন। দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইফুল ইসলাম শিকদার বলেন, খবর পেয়ে পুলিশ, নৌবাহিনী ও কোস্টগার্ড পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

## আমরা জান্নাতের টিকেট বিক্রি

জামায়াতে ইসলামী ক্ষমতায় আসলে শিশু, বৃদ্ধ চিকিৎসা, নারীদের নিরাপত্তা ও চাকুরীতে ৬ ঘন্টা দায়িত্ব পালনসহ বিশেষ সুবিধা প্রদান করবেন। এই ক্ষেত্রে অর্থনৈতিক কোন অভাব হবে না। যাকাত ভিত্তিক সমাজ ব্যবস্থার মাধ্যমে এবং দুর্নীতি প্রতিরোধ করতে পারলে অর্থনৈতিক ভাবে বাংলাদেশ পুরোপুরি স্বাবলম্বী হবে। তিনি বলেন আপনারা মনে করছেন জামায়াত দুর্নীতিমুক্ত রাষ্ট্র গঠন করতে পারবে কিনা? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ৫৪ বছরের বাংলাদেশে ১২ বার যারা ক্ষমতায় ছিলেন, তাদের মধ্যেই জামায়াতের ২জন মন্ত্রী ৩টি মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করছেন। অণুবীক্ষণ যন্ত্র দিয়েও তাদের কোন দুর্নীতি বাংলাদেশ প্রমাণ করতে পারেনি তখন। এমনকি বিশ্বের কেউই তাদের দুর্নীতির বিষয়ে প্রমাণ করতে সক্ষম হয়নি,ভবিষ্যতেও পারবে না ইনশাআল্লাহ, আমরা আশা করছি ১২ তারিখের ভোট বিপ্লবের মাধ্যমে আল্লাহ যদি আপনাদের সহযোগিতায় জামাতকে দেশ পরিচালনার দায়িত্ব দেন তাহলে আপনারা নির্দ্বিধায় সুখে শান্তিতে জীবন যাপন করতে পারবেন। এক্ষেত্রে কোন সন্দেহের অবকাশ নেই। বাংলাদেশ জামায়াতে ইসলামী ভোলা-১ (সদর), ভোলা-৩ (লালমোহন-তজুমদ্দিন), ভোলা-৪ (চরফ্যাশন-মনপুরা) উপজেলার আয়োজনে পৃথক পৃথক ৩টি নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গতকাল বুধবার সকালে চরফ্যাশন টিবি মাধ্যমিক বিদ্যালয় মাঠে, দুপুরে লালমোহন সরকারি হাই স্কুল মাঠে, ও বিকেলে ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠের পৃথক পৃথক জনসভায় তিনি আরো বলেন, ভোলার মানুষের মৌলিক চাহিদার মধ্যে ভোলা-বরিশাল সেতু, আধুনিক স্বাস্থ্যসেবা অত্যন্ত প্রয়োজন। জামায়াতকে আল্লাহর রাষ্ট্র ক্ষমতা দিলে, অধ্যক্ষ নজরুল ইসলাম, নিজামুল হক নাঈম ও অধ্যক্ষ মোস্তফা কামালের নেতৃত্বে ভোলার এ সকল সমস্যার সমাধান করা হবে। তিনি জনসভায় এসব প্রার্থীদের হাতে দাঁড়িপাল্লা ও ফুলকপি তুলে দিয়ে জনগণের সামনে প্রার্থীদের পরিচয় করিয়ে দেন। জনসভায় প্রধান বক্তব্য রাখেন, ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নুরুল ইসলাম সাদ্দাম। তিনি বলেন আগামী ১২ তারিখে যদি কেউ ভোট ডাকাতির কথা চিন্তা করে তাহলে তারা বোকার স্বর্গে বাস করে,তাদের উদ্দেশ্য বলতে চাই সাবধান হয়ে জান ঐদিন যদি এসব অবান্তর চিন্তা করেন তাহলে আপনাদের অবস্থা ৫ আগষ্টের মতো হবে, আওয়ামিলীগ তো ভারত পালিয়েছে আপনারা পালাবেন কোথা,তাই এসব চিন্তা বাদ দিয়ে ভোটের মাঠে কাজ করেন, ১২ ফেব্রুয়ারি সঠিক ভোটের মাধ্যমে দেশে নতুন বাংলাদেশ গঠন হবে ইনশাআল্লাহ। আজকের এই সভয় আরো উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল ও নির্বাহী পরিষদ সদস্য অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসাইন হেলাল, বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টি (বিডিপি'র) চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম চান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের ভিপি রিয়াজুল ইসলাম রিয়াজ, জামায়াতে ইসলামীর জেলা আমির মাস্টার জাকির হোসাইন, সেক্রেটারি মাওলানা হারুনুর রশিদ, ভোলা-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী অধ্যক্ষ নজরুল ইসলাম, ভোলা-২ আসনের প্রার্থী মাওলানা ফজলুল করিম, ভোলা-৩ আসনের জামায়াত সমর্থিত প্রার্থী ও বিডিপি'র মহাসচিব নিজামুল হক নাঈম, ভোলা-৪ আসনের জামায়াত মনোনীত প্রার্থী অধ্যক্ষ মোস্তফা কামাল, ভোলা সদর আমির কামাল হোসেন, গুরু আমির জামাল উদ্দিন, চরফ্যাশন উপজেলা আমির মীর শরীফ হোসাইন, লালমোহন উপজেলা আমির আব্দুল হকসহ স্থানীয় নেতৃবৃন্দ।

## জনগণের অধিকারের প্রতিষ্ঠায়

আপনাদের মূল্যবান ভোট দিন। আমরা ভোটের মর্যাদা রক্ষা করব এবং কোনো অন্যায়ের সঙ্গে আপস করব না। তিনি মঙ্গলবার (৩ ফেব্রুয়ারী) বিকালে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলিমাবাদ ইউনিয়নের মাঝকাজি বাজারের বালুর মাঠে নির্বাচনী জনসভায় এসব কথা বলেন। তিনি আরো বলেন, উপজেলার মুল ভূ-খন্ড থেকে বিচ্ছিন্ন এই এলাকার জনগন বিভিন্ন ক্ষেত্রে অবহেলিত বিশেষ করে এখানে সরকারী স্বাস্থ্য কেন্দ্র থাকলেও তা সচল নেই। তারা শিক্ষা ও স্বাস্থ্য সেবা থেকে চরমভাবে বঞ্চিত। তাছাড়াও গ্রামীন অবকাঠামোর অবস্থা খুবই নাজুক। ইনশাআল্লাহ আমি অবহেলিত জনগনের কল্যাণে কাজ করতে চাই। এছাড়াও তিনি আলিমাবাদ ইউনিয়নের বিভিন্ন হাটবাজার ও জনবহুল এলাকায় সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন, তাদের খোঁজখবর নেন, এলাকার সমস্যা ও প্রত্যাশার কথা শোনেন এবং ন্যায়ভিত্তিক, দুর্নীতিমুক্ত ও জনকল্যাণমুখী রাজনীতি প্রতিষ্ঠার অঙ্গীকার ব্যক্ত করেন। এ সময় তার সাথে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পুরো কর্মসূচি জুড়ে স্থানীয় মুরব্বি, যুবক, শ্রমজীবী মানুষ ও নারী ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ লক্ষ্য করা যায়।

## পটুয়াখালীতে জামায়াত আমিরের সফর

ড. মাসুদ বলেন, জামায়াত আমিরের আসন্ন সফর ও জনসভা উপলক্ষে যখন দলীয় নেতাকর্মীরা সাংগঠনিক প্রস্তুতি নিচ্ছিলেন, তখন বিভ্রান্তিকর তথ্যের ভিত্তিতে গভীর রাতে ছাত্রদলের আহ্বায়কের নেতৃত্বে পুলিশ জামায়াত কার্যালয়ে একটি ভুয়া অভিযান চালায়। তিনি অভিযোগ করেন, অভিযানে কোনো অবৈধ বা সন্দেহজনক কিছু না পাওয়া সত্ত্বেও এ ধরনের তল্লাশি চালানো হয়েছে। এটি নেতাকর্মী ও সাধারণ ভোটারদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করেছে। কিছু না পাওয়ার পরও কেন এ অভিযান চালানো হলো সে প্রশ্ন তুলে তিনি একে হয়রানিমূলক পদক্ষেপ বলে অভিহিত করেন। সংবাদ সম্মেলনে তিনি আরও শঙ্কা প্রকাশ করে বলেন, বর্তমান ওসি বহাল থাকলে ভোটাররা ভয়হীনভাবে ভোটকেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না। তার দাবি, সংশ্লিষ্ট ওসিকে প্রত্যাহার না করা হলে বাউফল উপজেলায় অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্ভব নয়। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে সংবাদ সম্মেলন থেকে মঙ্গলবার বিকেলে বাউফলে বিক্ষোভ কর্মসূচির ঘোষণাও দেওয়া হয়। অভিযোগের বিষয়ে বাউফল থানার ওসি মো. সিদ্দিকুর রহমান বলেন, ৯৯৯ নম্বরে প্রাপ্ত ফোনকলের তথ্যের ভিত্তিতে আইনানুগভাবে তল্লাশি চালানো হয়। তবে অভিযানে কোনো অবৈধ বা সন্দেহজনক কিছু পাওয়া যায়নি।

## অভ্যুত্থানে মৃত্যু নিশ্চিত হতে দেড় বছর

দক্ষিণ বড় চাউলাকাঠী গ্রামের পারিবারিক কবরস্থান থেকে তার মরদেহ উত্তোলন হয়। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়। এ সময় বানারীপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা বায়েজিদুর রহমানের নেতৃত্বে মামলার তদন্ত কর্মকর্তা পুলিশ পরিদর্শক মো. আব্দুল মান্নান, বানারীপাড়া থানার উপ-পরিদর্শক মো. ইসাহাক আলী প্রমুখ উপস্থিত ছিলেন। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার মো. বায়েজিদুর রহমান বলেন, তাহিদুল ইসলাম জুলাই গণ-অভ্যুত্থানে নিহত হয়েছেন কিনা, তা নিশ্চিত হওয়ার জন্য কবর থেকে তার মরদেহ উত্তোলন করা হয়েছে। ময়নাতদন্ত শেষে আবার দাফন করা হবে। এ বিষয়ে মামলার তদন্ত কর্মকর্তা পুলিশ পরিদর্শক মো. আব্দুল মান্নান বলেন, তাহিদুলের মৃত্যুর কারণ উদঘাটনে মরদেহ উত্তোলন করে ময়নাতদন্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। পরিবারের সদস্যরা জানান, তাহিদুল ইসলাম বরিশাল বিএম কলেজের ডিগ্রি প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। লেখাপড়ার পাশাপাশি তিনি রাজধানীর ফার্মগেটে একটি ওয়ার্কশপে কাজ করতেন। তাহিদুলের মা লাভলী বেগম শারীরিকভাবে অসুস্থ, বড় ভাই তারিকুল ইসলাম বেকার। পরিবারে উপার্জনক্ষম হিসেবে তাহিদুলই ছিল একমাত্র ভরসা। পরিবার সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৪ আগস্ট বিকাল ৫টায় তাহিদুল রাজধানীর ফার্মগেট এলাকায় কোটা সংস্কার আন্দোলনকারী ও পুলিশের সংঘর্ষের মধ্যে আন্দোলনরত অবস্থায় গুলিবিদ্ধ হন। পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরে তার মরদেহ ঢাকা থেকে বরিশালের বানারীপাড়ার চাখারে গ্রামের বাড়িতে আনা হয়। তবে ময়নাতদন্ত ছাড়াই ৬ আগস্ট সকালে দুদফা জানাজা শেষে তাহিদুলকে পারিবারিক কবরস্থানে চিরনিদ্রায় শায়িত করা হয়। তাহিদুলের বাবা কৃষক আব্দুল মান্নান কান্না ভেজা কণ্ঠে জানান, তাদের দরিদ্র পরিবারে তাহিদুলই ছিলেন মূল ভরসা। তিনি দিনমজুরী করে যা আয় করেন, তা দিয়ে সংসার চলে না। তাহিদুলের স্বপ্ন ছিল উচ্চ শিক্ষা অর্জন করে মেধার যোগ্যতায় ভালো কোনো চাকরিতে যোগদান করবেন। দরিদ্র পিতা-মাতার সংসারে সুখ-স্বাচ্ছন্দ্য আনবেন। গ্রামের বাড়ির জীর্ণ ঘর ভেঙে একটি বড় ঘর বানিয়ে সবাইকে নিয়ে বসবাস করবেন। কিন্তু গুলিতে তার সঙ্গে স্বপ্নেরও করুণ মৃত্যু হয়েছে। এসময় সরকারের কাছে নিজের বড় ছেলের জন্য একটি চাকরির দাবি জানান তাহিদুলের বাবা কৃষক আব্দুল মান্নান।

## বরগুনায় মাদকসহ স্বেচ্ছাসেবক

এবং উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইসহাক আকন সবুজ (৪০)। কালাম উপজেলার শহরের মালিপাড়া এলাকার জালাল উদ্দিনের ছেলে, সবুজ করাইবাড়িয়া ইউনিয়নের পশ্চিম ঝাড়াখালী এলাকার মো. শাহালী আকনের ছেলে। পুলিশ জানায়, নৌ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে উপজেলা শহরের মালিপাড়া একটি পরিত্যক্ত ভবনের তৃতীয় তলায় লেফটেন্যান্ট শাকিল মাহমুদের নেতৃত্বে একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে নৌবাহিনী। এসময় মাদককারবারি আবুল কালাম ও ইসহাক আকনকে আটক করা হয়। অভিযানে তাদের কাছ থেকে ইয়াবা, ইয়াবা সেবনের সরঞ্জামাদি, সিম কার্ড, মোবাইল ফোন, দেশীয় অস্ত্র জব্দ করা হয়। পরবর্তীতে তালতলী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সেবক মন্ডল ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ মোতাবেক ২০ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও একশত টাকা অর্থদণ্ড করা হয়। তালতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশাদুর রহমান বলেন, সাজাপ্রাপ্ত আসামিদের কারাগারে পাঠানো হয়েছে। নৌবাহিনী পুলিশের কাছে আসামিদের হস্তান্তর করার পর বুধবার সকালে তাদের কারাগারে পাঠানো হয়েছে।

## কলাপাড়ায় অভিযানে

গ্রেফতারকৃত সরোয়ার সরদারের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহিনুল কবীর বলেন , কলাপাড়ায় মাদকের বিরুদ্ধে অভিযান আরও জোরদার করা হবে এবং অপরাধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

## বিএনপি ক্ষমতায় আসলে

অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) বিকেল ৪ টায় উজিরপুর উপজেলার বামরাইল ইউনিয়নের সানুহার মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে ব্যপক উৎসাহ উদ্দীপনা নিয়ে বিএনপির হাজারো নেতাকর্মীরা পথসভা ও উঠান বৈঠকে অংশগ্রহণ করেন। এসময় বামরাইল ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন যুগলুর সভাপতিত্বে ও সাধারন সম্পাদক মোঃ হাফিজুর রহমান শাহিনের সঞ্চালনায় উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তৃতা করেন বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসনের বিএনপির মনোনীত ধানের শীষ প্রতীকের হ্যাভিওয়েট সংসদ সদস্য প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টু। পৌর বিএনপির সভাপতি মোঃ শহিদুল ইসলাম খান, সাধারণ সম্পাদক মোঃ রোকনুজ্জামান টুলু, সহ-সভাপতি মোঃ মামুন সিকদার, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি এস এম আলাউদ্দিন, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সরদার সিদ্দিকুর রহমান, সহ-সভাপতি মোঃ সরোয়ার হোসেন মৃধা, উজিরপুর উপজেলা বিএনপির সহ-সভাপতি প্রবাসী মোঃ সাখাওয়াত হোসেন, সহ-সাধারণ সম্পাদক সৈয়দ সিরাজুল ইসলাম লিটন, উপজেলা যুবদলের সভাপতি ও উজিরপুর-বানারীপাড়া বিএনপির মিডিয়া ম্যানেজার আ ফ ম সামসুদ্দোহা আজাদ, পৌর যুবদলের আহবায়ক মোঃ শাহাবুদ্দিন আকন সাবু, সদস্য সচিব মোঃ হাফিজুর রহমান প্রিন্স, উপজেলা মহিলা দলের সভানেত্রী ইয়াসমিন আক্তার পারুল, সাধারণ সম্পাদিকা শিরিন আক্তার, সাধারণ সম্পাদক মোঃ মনির মল্লিক, উপজেলা সেচ্ছাসেবক দলের আহবায়ক মোঃ মাহাবুবুর রহমান গোমস্তা,সদস্য সচিব মোঃ কাইউম খান, উপজেলা শ্রমিক দলের সভাপতি মোঃ জিয়া আমিন রাড়ী, সাধারণ সম্পাদক মোঃ শাহাদুৎ সরদার কমরেড,উপজেলা কৃষক দলের আহবায়ক মোঃ ফায়জুল হক রাড়ী, সদস্য সচিব মোঃ সপন মল্লিক, জাতীয়তাবাদী কেন্দ্রীয় প্রচার দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মোঃ কবির হাসান মৃধা, উপজেলা বিএনপির সদস্য মোঃ ইমরান সরদার, বামরাইল ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি প্রভাষক আঃ হালিম হাওলাদারসহ বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী। এ সময় বিএনপির প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টু বলেন বিএনপির চেয়ারপার্সন তারেক রহমানের হাতকে আরো শক্তিশালী করার লক্ষ্যে ঐক্যবদ্ধ হয়ে আগামী ১২ ফেব্রুয়ারী কেন্দ্রে গিয়ে ধানের শীষ প্রতীকে ভোট প্রদান করে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপিকে বিজয়ী করতে হবে। একাধিক ভোটার ও সমর্থকরা জানান,অবাধ,সুষ্ঠু ও শান্তিপূর্ন ভাবে নির্বাচন অনুষ্ঠিত হবে এমনটা প্রতাশ্যা করছেন এবং বিএনপির বিজয় সু-নিশ্চিত। উজিরপুর-বানারীপাড়ায় জনজরীপ ও জনসমর্থনে এগিয়ে থাকা বিএনপির হ্যাভিওয়েট প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টু বিপুল ভোটে বিজয়ী হবেন। এদিকে প্রধান অতিথি এস সরফুদ্দিন আহমেদ সান্টু সভাকক্ষ ছেড়ে মাঠে জনগণের কাছে গিয়ে দিক নির্দেশনামূলক বক্তৃতা করে দৃষ্টান্ত স্থাপন করেছেন।

## জামায়াত আমীরের আগমন

উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক নুরুল আমিনের নেতৃত্বে লিফলেট বিতরণে উপস্থিত ছিলেন, জামায়াতের হিজলা উপজেলা সেক্রেটারী সৈয়দ গুলজার আলম, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবি এ্যাডভোকেট মোঃ ইউনুছ, বড়জালিয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জামায়াত নেতা শাহে আলম চৌধুরী সামু, বরিশাল-৪ আসনের জামায়াতের মিডিয়া সেলের আহবায়ক মুজাহিদুল ইসলাম ইউসুফ, ইসলামী ছাত্রশিবিরের উপজেলা সভাপতি মোঃ বশির উল্লাহ, বড়জালিয়া ইউনিয়ন জামায়াতের আমীর মাওলানা হাবিবুল্লাহ ও ইউনিয়ন সেক্রেটারী মাওলানা গাজী মোঃ ইব্রাহীম প্রমুখ। এ সময় নেতৃবৃন্দ জামায়াত আমীরের জনসভায় উপস্থিত হয়ে সভাকে সফল করার লক্ষ্যে আহবান জানান।

## রাঙ্গাবালীতে আ. লীগ নেতাসহ

যোগদানকারীরা আওয়ামী লীগের কর্মী-সমর্থক। বিএনপিতে যোগদানকারীদের ফুল দিয়ে বরণ করেন পটুয়াখালী-৪ (কলাপাড়া-রাঙ্গাবালী) আসনে বিএনপি মনোনীত প্রার্থী ও দলের কেন্দ্রীয় প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন। এসময় এবিএম মোশাররফ হোসেন বলেন, 'উন্নয়নের স্বার্থে সকলে ঐক্যবদ্ধ হয়ে আগামী ১২ ফেব্রুয়ারি ধানের শীষে ভোট দিন। আপনারা একদিন ধানের শীষে ভোট দিলে আগামী পাঁচটি বছর এলাকার উন্নয়ন ও আপনাদের নিরাপত্তা নিশ্চিত করা হবে।' এ জনসভায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান ফরাজী ও উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হারুন অর রশিদ হাওলাদার প্রমুখ।

## আমরা বিশ্বাস করি জিয়াউর রহমান

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের জনসমাবেশ সফল করার লক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। বুধবার (৪ ফেব্রুয়ারি) দুপুরে পিরোজপুর শহরের হোটেল নায়োরীতে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন পিরোজপুর জেলা জামায়াতের আমির অধ্যক্ষ তাফাজ্জল হোসাইন ফরিদ। তিনি জানান, শুক্রবারের সমাবেশে লক্ষাধিক মানুষের সমাগম ঘটাবে জামায়াত। তিনি আরও জানান, সমাবেশে জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মোয়াজ্জেম হোসেন হেলাল, জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) মুখপাত্র আল রাশেদ প্রধান, এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব মাহমুদা আক্তার মিতুসহ অন্যান্য কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা উপস্থিত থাকবেন। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন পিরোজপুর-৩ আসনে ১১ দলীয় জোটের শরিক এনসিপির প্রার্থী ড. শামীম হামিদী, জেলা জামায়াতের সেক্রেটারি মো. জহিরুল হক, পৌর আমির ইসহাক আলী খান, খেলাফত মজলিশের জেলা সভাপতি নাসির উদ্দিন ওসমানী প্রমুখ।

## তালতলীতে নারীকে রাতভর

ছেলে হিরুনের সঙ্গে তাঁর পরিচয় হয়। পরিচয়ের একপর্যায়ে হিরুন তাঁকে বিয়ের প্রস্তাব দেন। বিশ্বাস অর্জনের জন্য হিরুন ভুক্তভোগী নারী ও তাঁর মাকে নিয়ে কুয়াকাটায় গিয়ে বিয়ের বিষয়ে আলোচনাও করেন। পরিবারের সঙ্গে কথা বলে দ্রুত বিয়ে সম্পন্ন করার আশ্বাস দিয়ে মঙ্গলবার বিকালে হিরুন ওই নারীকে মহিপুর থেকে তালতলীর বড়পাড়া এলাকায় নিয়ে আসেন। পরিবারের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার কথা বলে হিরুন তাঁকে নিজের বাড়িতে তোলেন। কিন্তু রাতের বেলা হিরুনসহ আরও তিন ব্যক্তি তাঁকে মৃত্যুর হুমকি দিয়ে জোরপূর্বক একাধিকবার ধর্ষণ করেন বলে অভিযোগ করেন ভুক্তভোগী। গভীর রাতে অভিযুক্তরা একযোগে ঘর থেকে বের হলে সেই সুযোগে তিনি পালিয়ে পাশের একটি মসজিদের পাশে আশ্রয় নেন। ভুক্তভোগী নারী বলেন কমা পরিচয়ের পর বিয়ের কথা বলে আমাকে এখানে নিয়ে আসা হয়। রাতে চারজন মিলে আমার সঙ্গে পাশবিক আচরণ করেছে কমা আমি এই অন্যায়ের বিচার চাই। এ বিষয়টি জানাজানি হলে এলাকায় চরম ক্ষোভ ও চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয় একাধিক এলাকাবাসী অভিযোগ করেন কমা অভিযুক্ত হিরুন দীর্ঘদিন ধরে বিভিন্ন স্থান থেকে নারীদের বিয়ের প্রলোভন দেখিয়ে বাড়িতে এনে নির্যাতন করে আসছেন। কেউ প্রতিবাদ করলে তাঁকে মিথ্যা মামলায় ফাঁসানোর হুমকি দেওয়া হয়। স্থানীয় মুসল্লি ফারুক জানান কমা ফজরের নামাজ শেষে বের হয়ে দেখি এক নারী মসজিদের পাশে বসে কাঁদছেন। জিজ্ঞাসা করলে তিনি জানান কমা হিরুন নামের এক ব্যক্তি তাঁকে এখানে এনে চারজন মিলে সারারাত ধর্ষণ করেছে। পরে স্থানীয়রা পুলিশে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। তালতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আশাদুর রহমান বলেন কমা খবর পাওয়ার পর দ্রুত ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ভুক্তভোগীকে উদ্ধার করে থানায় আনা হয়েছে এবং তাঁর চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। এই ঘটনায় জড়িতদের গ্রেপ্তারে পুলিশের বিশেষ অভিযান শুরু হয়েছে বলে জানান তিনি।

## দেশে পৌঁছেছে ৩ লাখ ২৬ হাজার

কমা এসডিআই প্রকল্পের টিম লিডার সালীম আহমাদ খান সংবাদ সংস্থা বাসসকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান কমা বুধবার সকাল সাড়ে ৯টা পর্যন্ত মোবাইল অ্যাপের মাধ্যমে নিবন্ধনকারীদের মধ্যে ৭ লাখ ৬৬ হাজার ৮৬২টি ব্যালট প্রবাসীদের কাছে পাঠানো হয়েছে। এর মধ্যে ৫ লাখ ২৪ হাজার ৮৬৯ জন প্রবাসী ভোটার তাঁদের ব্যালট গ্রহণ করেছেন। ইতিমধ্যে ৪ লাখ ৭২ হাজার ৪১০ জন ভোটার তাঁদের ভোটদান সম্পন্ন করেছেন। এ ছাড়া কমা ৪ লাখ ৩১ হাজার ৭৪৮ জন প্রবাসী ভোটার তাঁদের ভোট দেওয়া ব্যালট সংশ্লিষ্ট দেশের পোস্ট অফিস বা ডাক বাক্সে জমা দিয়েছেন। প্রবাসীদের পাঠানো ব্যালটগুলোর মধ্যে ইতিমধ্যে ৪১ হাজার ১৭৮টি ব্যালট সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তারা গ্রহণ করেছেন বলে প্রকল্প সূত্রে জানা গেছে। বিদেশের পাশাপাশি দেশের অভ্যন্তরে অবস্থানরত ভোটারদের কাছেও পোস্টাল ব্যালট পাঠানো শুরু করেছে নির্বাচন কমিশন। ইতিমধ্যে সারা দেশের ৬ লাখ ৬২ হাজার ১৯১ জন নিবন্ধিত অভ্যন্তরীণ ভোটারের ঠিকানায় ব্যালট পাঠানো হয়েছে। ইসির তথ্য অনুযায়ী কমা বুধবার সকাল পর্যন্ত দেশের ভেতরে ১ লাখ ৭০ হাজার ৯৮৯ জন ভোটার তাঁদের ব্যালট গ্রহণ করেছেন। অভ্যন্তরীণ ভোটারদের মধ্যে ১ লাখ ৩১ হাজার ৬৯১ জন ইতিমধ্যে ভোটদান সম্পন্ন করেছেন এবং ১ লাখ ৪ হাজার ১৬৫ জন তাঁদের ব্যালট ডাক বাক্সে জমা দিয়েছেন। সালীম আহমাদ খান আরও জানান কমা এবারের সাধারণ নির্বাচন ও গণভোটে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে দেশে ও প্রবাসে মিলিয়ে মোট ১৫ লাখ ৩৩ হাজার ৬৮৪ জন ভোটার অ্যাপের মাধ্যমে নিবন্ধন করেছেন। নির্বাচন কমিশনের এই ডিজিটাল উদ্যোগের ফলে প্রবাসীদের ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে এক নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। সময়মতো ব্যালটগুলো দেশে পৌঁছানো এবং রিটার্নিং কর্মকর্তাদের কাছে তা হস্তান্তরের প্রক্রিয়াটি অত্যন্ত নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

## নতুন 'আইসিসি' গঠনের

দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন। তার এই বক্তব্য এসেছে ভারত-পাকিস্তান সম্পর্কের নতুন উত্তেজনার প্রেক্ষাপটে। ২০২৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপকে কেন্দ্র করে দুই দেশের মধ্যে আবারও বিতর্ক তৈরি হয়েছে। আগামী বিশ্বকাপটি যৌথভাবে আয়োজন করছে ভারত ও শ্রীলঙ্কা, যা শুরু হওয়ার কথা ৭ ফেব্রুয়ারি। এর আগে পাকিস্তান সরকার জানায়, তারা বিশ্বকাপে অংশগ্রহণের জন্য ক্রিকেট দলকে ছাড়পত্র দিয়েছে। তবে ১৫ ফেব্রুয়ারি ভারতের বিপক্ষে নির্ধারিত ম্যাচটি বর্জনের সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান, যদিও এর পেছনের নির্দিষ্ট কারণ প্রকাশ করা হয়নি। পাকিস্তানের এই অবস্থানের প্রতিক্রিয়ায় আইসিসি জানায়, এমন সিদ্ধান্ত বৈশ্বিক ক্রিকেটের স্বার্থে নয় এবং এতে পাকিস্তানসহ সারা বিশ্বের কোটি কোটি ক্রিকেটভক্ত ক্ষতিগ্রস্ত হবে। তবে খাজা আসিফ মনে করছেন, আইসিসি এখন নির্দিষ্ট একটি দেশের কাছে জিম্মি। তাই নতুন একটি সংস্থার প্রয়োজন। খাজা আসিফ তার পোস্টে বলেন, 'ভদ্রলোকের খেলা ক্রিকেটের স্পিরিট বাঁচিয়ে রাখতে একটি নতুন আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা প্রয়োজন। দক্ষিণ এশিয়ায় আইসিসি এখন ভারতীয় রাজনৈতিক স্বার্থের কাছে জিম্মি।' আইসিসির সঙ্গে পাকিস্তানের বিরোধের পেছনে সাম্প্রতিক আরেকটি সিদ্ধান্তও রয়েছে। বাংলাদেশ নিরাপত্তাজনিত কারণে ভারতে তাদের ম্যাচগুলো আয়োজন না করার অনুরোধ জানালে আইসিসি বাংলাদেশকে বাদ দিয়ে স্কটল্যান্ডকে টি-টোয়েন্টি বিশ্বকাপে অন্তর্ভুক্ত করে। এই সিদ্ধান্তে অসন্তোষ প্রকাশ করে পাকিস্তান। বিশ্ব ক্রিকেটে ভারতের আর্থিক প্রভাব অত্যন্ত বড়। ক্রিকেটের বাণিজ্যিক আয়ের সিংহভাগই আসে ভারত থেকে, যা আইসিসিতে দেশটির প্রভাব বাড়িয়েছে বলে সমালোচকদের দাবি। এর বড় অংশ আসে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) থেকে, যা বিশ্বের সবচেয়ে লাভজনক টি-টোয়েন্টি লিগ। ডেইলি মিরর অনলাইনের তথ্য অনুযায়ী, ২০২৪ থেকে ২০২৭ সালের মধ্যে আইপিএল থেকে প্রায় ১.১৫ বিলিয়ন মার্কিন ডলার আয় হতে পারে, যা আইসিসির মোট বার্ষিক আয়ের প্রায় ৩৯ শতাংশ। বর্তমানে আইসিসির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন জয় শাহ, যিনি ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর পুত্র। নিয়ম অনুযায়ী, আইসিসি চেয়ারম্যানের নিরপেক্ষ থাকার কথা থাকলেও ভারত-পাকিস্তানের রাজনৈতিক ও দ্বিপাক্ষিক উত্তেজনা ক্রিকেট অঙ্গনেও প্রভাব ফেলছে বলে অভিযোগ উঠেছে। উল্লেখ্য, রাজনৈতিক অস্থিরতার কারণে ২০১২-১৩ মৌসুমের পর থেকে ভারত ও পাকিস্তান কোনো পূর্ণাঙ্গ দ্বিপাক্ষিক সিরিজ খেলেনি। সাধারণত তারা কেবল নিরপেক্ষ ভেন্যুতে আইসিসি বা এশিয়ান ক্রিকেট কাউন্সিলের টুর্নামেন্টেই মুখোমুখি হয়।

## ভোলায় ইয়াবা, গাঁজা ও নগদ অর্থসহ আটক ২

**ভোলা প্রতিনিধি**

ভোলায় কোস্ট গার্ডের অভিযানে ইয়াবা, গাঁজা ও নগদ অর্থসহ কবির হোসেন (৫০ মোঃ সোলাইমান (২৮) নামে ২ মাদক কারবারিকে আটক করেছে। আটকৃত ব্যক্তিরা ভোলা সদর উপজেলা চরশিপলি ও চরসামাইয়া এলাকার বাসিন্দা। কোস্ট গার্ড দক্ষিণ জোন মিডিয়া কর্মকর্তা লেঃ বিএন মো: আবুল কাশেম এ তথ্য নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে, গত মঙ্গলবার ( ৩ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টায় কোস্ট গার্ড বেইস ভোলা কর্তৃক ভোলার সদর থানাধীন দক্ষিণ চরনোয়াবাদ সংলগ্ন এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে প্রায় ৫৯ হাজার টাকা মূল্যের ৩০ পিস ইয়াবা, ১ কেজি ১০০ গ্রাম গাঁজা ও নগদ ৩ হাজার ৯৫০ টাকাসহ ২ জন মাদক কারবারিকে আটক করা হয়। জব্দকৃত আলামত এবং আটককৃত মাদক কারবারিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

## শুক্রবার ঝালকাঠিতে আসছেন জামায়াত আমির

**ঝালকাঠি প্রতিনিধি**

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও ১১ দলীয় জোট প্রধান ডা: শফিকুর রহমান আগামী শুক্রবার (৬ ফেব্রুয়ারি) একটি নির্বাচনী জনসভায় যোগ দিতে ঝালকাঠি আসবেন। তার আগমনকে কেন্দ্র করে দলটিসহ জোটের নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও ১১ দলীয় জোট প্রধান ডা: শফিকুর রহমান আগামী শুক্রবার (৬ ফেব্রুয়ারি) একটি নির্বাচনী জনসভায় যোগ দিতে ঝালকাঠি আসবেন। তার আগমনকে কেন্দ্র করে দলটিসহ জোটের নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রচারণার অংশ হিসেবে ১১ দলীয় নির্বাচনী ঐক্যজোট ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে শুক্রবার দুপুর আড়াইটায় এই জনসভার আয়োজন করেছে। সেখানে প্রধান অতিথির ভাষণ দেবেন ডা: শফিকুর রহমান। জনসভায় জোটের অন্য শরীকদলের নেতৃবৃন্দ জনসভায় বক্তৃতা করবেন। জামায়াত আমিরের ঝালকাঠি সফর উপলক্ষে সোমবার বিদ্যালয় মাঠ পরিদর্শন করেছেন সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মোয়াজজম হোসেন হেলাল, জেলা জামায়াতের আমীর ও কেন্দ্রীয় শুরা সদস্য অ্যাডভোকেট হাফিজুর রহমান, ঝালকাঠি-২ আসনের প্রার্থী শেখ নেয়ামুল করীমসহ অন্যান্য নেতৃবৃন্দ। সমাবেশ সফল করতে জামায়াতের জেলা ও উপজেলা শাখার নেতাকর্মীরা নিরলসভাবে কাজ করছেন। স্বল্প সময়ের মধ্যে আয়োজন সম্পন্ন করতে বিরামহীন প্রস্তুতি চালিয়ে যাচ্ছেন তারা। জামায়াতের জেলা আমির অ্যাডভোকেট হাফিজুর রহমান বলেন, 'জামায়াত আমিরের আগমন উপলক্ষে আমাদের ব্যাপক প্রস্তুতি চলছে। এই জনসভা ঝালকাঠিতে নতুন ইতিহাস সৃষ্টি করবে। আমরা আশা করছি আমাদের কয়েক লাখ নেতাকর্মী জনসভায় যোগ দিবেন। এছাড়া জোটের শরীকদলের নেতাকর্মী ও বিপুল সংখ্যক সাধারণ মানুষ এতে অংশ নিবেন। ইনসাফভিত্তিক রাষ্ট্র গঠনের লক্ষে দলমত নির্বিশেষে সবাইকে সমাবেশে যোগ দেয়ার আহ্বান জানান তিনি।

## ঝালকাঠিতে বাবার বাড়ি থেকে নিখোঁজ গৃহবধূ

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠির সদর উপজেলার নবগ্রাম ইউনিয়নের উত্তর বাউকাঠী গ্রাম থেকে রিমা আক্তার (৩০) নামে এক গৃহবধূ নিখোঁজ হয়েছেন। গত ৩০ ডিসেম্বর ২০২৫ ভোরে নামাজের সময় তিনি কাউকে কিছু না জানিয়ে বাড়ি থেকে বের হয়ে যান। এরপর থেকে তার আর কোনো সন্ধান পাওয়া যায়নি। নিখোঁজ রিমা আক্তার উত্তর বাউকাঠী গ্রামের আক্কাস হাওলাদারের মেয়ে। তার মায়ের নাম হোসনেয়ারা বেগম। পরিবার সূত্রে জানা গেছে, গত ১১ ডিসেম্বর ২০২৫ স্বামী মজলু তালুকদার ও তাদের দুই কন্যাসন্তানকে নিয়ে তিনি বাবার বাড়িতে বেড়াতে আসেন। কয়েক দিন অবস্থানের পর ৩০ ডিসেম্বর ২০২৫ ভোরে নিজের ব্যবহৃত একটি বোরকা নিয়ে তিনি বাড়ি থেকে চলে যান। রিমা আক্তারের ব্যবহৃত দুটি মোবাইল নম্বর বর্তমানে বন্ধ পাওয়া যাচ্ছে। তার মা হোসনেয়ারা বেগম ও স্বামী মজলু তালুকদার বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও এখন পর্যন্ত কোনো সন্ধান পাননি। এদিকে দুই শিশু কন্যা মায়ের অপেক্ষায় দিন কাটাচ্ছে। এ ঘটনায় গত ৩১ ডিসেম্বর ২০২৫ ঝালকাঠি সদর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। নিখোঁজঙ রিমা আক্তারের সন্ধান পেতে সকলের সহযোগিতা কামনা করেছেন তার স্বামী মজলু তালুকদার।

## পিরোজপুরে দুই মাদকসেবীর কারাদণ্ড

**পিরোজপুর প্রতিনিধি**

পিরোজপুরে মাদক সেবন ও সংরক্ষণের অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দুইজনকে কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করা হয়েছে। পিরোজপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলামের সার্বিক তত্ত্বাবধানে পরিদর্শক বাপন সেন কর্তৃক গঠিত রেইডিং টিম এবং সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট এস. এম. আল আমীনের নেতৃত্বে সদর থানাধীন বিভিন্ন এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয়।অভিযানকালে গাঁজা সেবন ও সংরক্ষণের দায়ে পিরোজপুর পৌরসভার কুমিরমাড়া এলাকার মৃত তাহের আলী শেখের পুত্র মোঃ সরোয়ার হোসেন শেখ(৪৭)কে হাতেনাতে আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে একটি মামলা রুজু করে তাকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয় এবং দণ্ডিত আসামিকে জেলহাজতে প্রেরণ করা হয়।একই অভিযানে ইন্দুরকানী উপজেলার জিয়ানগর গ্রামের জালাল শেখের পুত্র রাহাত শেখ (২০) কে গাঁজা সেবন ও সংরক্ষণের অপরাধে আটক করা হয়। ভ্রাম্যমাণ আদালত তার বিরুদ্ধে মামলা রুজু করে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে তাকেও জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সহকারী পরিচালক বলেন মাদকের বিরুদ্ধে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## অর্ধশতাধিক কর্মী নিয়ে জামায়াতে যোগ দিলেন কৃষকলীগ নেতা

**লালমোহন প্রতিনিধি**

ভোলার লালমোহনে অর্ধ শতাধিক কর্মী নিয়ে জামায়াতে যোগ দিয়েছেন উপজেলা কৃষক লীগ সভাপতি মো. মোখলেছুর রহমান বকসি। বুধবার (৪ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার লালমোহন মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় দলটির কেন্দ্রীয় নায়েবে আমির মুজিবুর রহমানের হাতে ফুল দিয়ে তিনি যোগদান করেন। এ সময় তার সঙ্গে আরও প্রায় অর্ধশতাধিক কর্মী জামায়াতে ইসলামীতে যোগদান করেন। পরে তাদের বরণ করে নেন জামায়াতে ইসলামীর নেতৃবৃন্দ। জামায়াতে ইসলামীর লালমোহন উপজেলার আমির মাওলানা আব্দুল হক জানান, মোখলেছুর রহমান বিএনপি ও আওয়ামী লীগের অনেক নির্যতনের শিকার হয়েছেন। দুই দলের নির্যাতনের শিকার হয়ে তিনি অনেক আগ থেকেই জামায়াতে ইসলামীতে যোগদানের করতে চেয়েছেন। কিন্তু আমরা দলীয় সিদ্ধান্তে তাকে এক বছর পর্যবেক্ষণে রেখেছি। এক বছরে তার মধ্যে আশানরূপ পরিবর্তন হওয়ায় তাকে আমরা আনুষ্ঠানিকভাবে গ্রহন করে নিয়েছি। কৃষকলীগ সভাপতি মো. মোখলেছুর রহমান জানান, তিনি লালমোহন বাজারের একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। ছোট বেলা থেকে বিএনপির রাজনীতি করতেন। বিএনপির উপজেলা যুবদলের যুগ্ম সম্পাদক ছিলেন। যার জন্য তাকে ব্যবসায়িকভাবে অনেক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে। অসংখ্যবার আওয়ামী লীগের হামলা-মামলার শিকার হতে হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৬ সালে ব্যবসায়িকভাবে এক প্রকার চাপ প্রয়োগ করে তাকে আওয়ামী লীগ যোগ দিতে বাধ্য করা হয়েছেন। সে সময় বিএনপির নেতাদের সঙ্গে কথা বলেই তিনি আওয়ামী লীগে গিয়েছেন। পরে তাকে ২০২৩ সালে কৃষক লীগের উপজেলা সভাপতি করা হয়। তবে তিনি ৬ মাসের মাথায় সে পদ থেকে পদত্যাগ করেছেন বলে দাবি করেন। আওয়ামী লীগের দলে থেকেও তিনি বিএনপির নেতাকর্মীদের হামলা-মামলা থেকে বাঁচিয়েছেন। এমনকি ২০২৪ সালের জুলাই আন্দোলনে মাঠে সক্রিয়ভাবে থেকে আওয়ামী লীগ বিরোধী আন্দোলন করেছেন। কিন্তু ৫ আগস্টের পর বিএনপির লোকজন তাকে ব্যবসায়িকভাবে দুই কোটি টাকার ক্ষতি করেছে। এমনকি আওয়ামী লীগ ট্যাগ দিয়ে তার বাড়িতে ভাঙচুর চালানো হয়েছে। বিএনপি এক প্রকার তার সাথে বেইমানি করেছে বলে দাবি করেন তিনি। তবে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলাম বাবুল জানান, মোখলেছুর রহমান কখনও বিএনপির রাজনীতি করেন নাই। তিনি আওয়ামী লীগ করতেন। তাকে আমরা দলে না নেওয়ায় এখন জামায়াতে ইসলামীতে যোগদান করেছেন। আওয়ামী লীগের যারা উশৃঙ্খল তারা বিএনপিতে পাত্তা না পেয়ে এখন জামায়াতে যোগ দিচ্ছেন।

## বাউফলে দাঁড়িপাল্লার পক্ষে সমাবেশ

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালী-২ বাউফল আসনের দাড়িপাল্লা মার্কার প্রার্থী ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, ১২ তারিখের নির্বাচনে বিজয়ী হলে মাত্র ৬০ দিনের মধ্যে বাউফল উপজেলাকে মাদকমুক্ত করা হবে। বুধবার উপজেলার কাছিপাড়া আবদুর রশিদ মিয়া ডিগ্রী কলেজ মাঠে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এ সময় ইসলামী আন্দোলন ও বিএনপির প্রায় অর্ধশতাধিক নেতাকর্মী জামায়াতে ইসলামীতে যোগদান করেন। জামায়াতে আমীরের এক্স আইডি হ্যাক হওয়া বিষয়টি উল্লেখ করে মাসুদ বলেন, যিনি জামায়াত আমীরের এক্স অ্যাকাউন্ট হ্যাক করেছেন, তিনিই আজ বরিশালে জামায়াত ইসলামী নিয়ে নানান অপপ্রচার চালাচ্ছেন। সবকিছু জেনে-বুঝে এভাবে অপপ্রচার করা হলেও ১২ তারিখের নির্বাচনে বিজয় ঠেকানো সম্ভব নয়। সমাবেশে মাসুদ আরও বলেন, নির্বাচনে বিজয়ী হলে বাউফল উপজেলাকে একটি উন্নত ও সমৃদ্ধ মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে। এছাড়া, কাছিপাড়া ইউনিয়নকে নদী ভাঙন থেকে রক্ষার জন্য স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। সমাবেশের সভাপতিত্ব করেন হারুন অর রশিদ। অন্যান্য বক্তৃতা দেন অধ্যাপক খালিদুর রহমান, অধ্যাপক আইয়ুব বিন মুসা প্রমুখ।

**হারিয়েছে**

এইচ.এস.সি পাশের মূল সনদপত্র, যার রোল নং-ক৪৬৮, নিবন্ধন নং-১২৯২১, শিক্ষাবর্ষ-১৯৮৮-১৯৮৯, পরীক্ষার বছর-১৯৯১, কেন্দ্র-বরিশাল, বোর্ড-যশোর হারিয়েছে। বরিশাল কোতয়ালী মডেল থানা ডায়েরী নং-৯০৮, তারিখ- ১৩/১২/২০২৫ ইং।

মোঃ আসাদ রহমান

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ২২ মাঘ ১৪৩২

## নতুন ‘আইসিসি’ গঠনের ডাক পাকিস্তানের

**কীর্তনখোলা ডেস্ক**
আইসিসিকে ‘ভারতীয় রাজনৈতিক প্রভাবের কাছে জিম্মি’ আখ্যা দিয়ে নতুন বৈশ্বিক ক্রিকেট সংস্থার দাবি তুলেছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ। মঙ্গলবার ৩ ফেব্রুয়ারি সামাজিক যোগাযোগমাধ্যম এক্স (সাবেক টুইটার)-এ ৩ এর পাতায় দেখুন

## দেশে পৌঁছেছে ৩ লাখ ২৬ হাজার প্রবাসীর পোস্টাল ব্যালট

**কীর্তনখোলা ডেস্ক**
আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে ভোট দিতে পোস্টাল ভোট বিডি অ্যাপে নিবন্ধনকারী প্রবাসীদের মধ্যে ৩ লাখ ২৬ হাজার ২০টি ব্যালট ইতিমধ্যে দেশে পৌঁছেছে। বুধবার প্রবাসী ভোটার নিবন্ধন বিষয়ক ওসিভি ৩ এর পাতায় দেখুন




## আমরা জান্নাতের টিকেট বিক্রি করি না জান্নাতের পথ দেখাই: অধ্যাপক মজিবুর

**চরফ্যাশন প্রতিনিধি**
ভোলায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নায়েবে আমির ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন,আমরা জান্নাতের টিকেট বিক্রি করি না আমরা জান্নাতের পথ দেখাই, ভোট পবিত্র আমানত এটা সত্য ন্যায়ের পক্ষে দিলে জান্নাতে যাওয়ার পথ হতে পারে। বাংলাদেশ জামায়াতে ইসলামী মানুষের ইহকালীন ও পরকালীন কল্যাণ চায়। মানুষের কল্যাণ আর মুক্তির জন্য বাংলাদেশ ৩ এর পাতায় দেখুন




## জনগণের অধিকারের প্রতিষ্ঠায় সৎ লোক নির্বাচিত করুন: আবদুল জব্বার

**মো: আলমাস, মেহেন্দিগঞ্জ দক্ষিণ**
বরিশাল-৪ (মেহেন্দিগঞ্জ-হিজলা-কাজিরহাট) আসনে ১১ দলীয় ঐক্যজোট (ঐক্যবদ্ধ বাংলাদেশ) সমর্থিত ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বলেছেন, আল্লাহ ভীরু, সৎ ও আমানতদার নেতৃত্ব সংসদে গেলে জনগণের অধিকার ফিরবে এবং সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে। আপনারা যদি আল্লাহ ভীরু, আমানতদার ও দুর্নীতিমুক্ত নেতৃত্ব চান, তাহলে দাঁড়িপাল্লা প্রতীকের পক্ষে ৩ এর পাতায় দেখুন

## তালতলীতে নারীকে রাতভর সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ

**তালতলী প্রতিনিধি**
বরগুনার তালতলীতে বিয়ের প্রলোভনে নিজ বাড়িতে এনে এক নারীকে চারজনে মিলে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে। বুধবার ভোরে স্থানীয় একটি মসজিদের পাশে আশ্রয় নিলে ফজরের নামাজ শেষে মুসল্লিরা ওই নারীকে দেখতে পান। পরে কান্নাজড়িত কণ্ঠে তিনি উপস্থিত সবার সামনে রাতের ভয়াবহ ঘটনার বর্ণনা দেন। এর আগে মঙ্গলবার রাতে উপজেলার পঁচাকোড়লিয়া ইউনিয়নের বড়পাড়া এলাকায় এই পাশবিক ঘটনা ঘটে। ভুক্তভোগী নারী ও তাঁর পরিবার সূত্রে জানা যায় কমা প্রায় ২০ থেকে ২৫ দিন আগে তিনি পটুয়াখালীর কুলাপাড়া উপজেলার মহিপুর এলাকায় মাছ প্রক্রিয়াজাতকরণের কাজ করতেন। সেখানে তালতলী উপজেলার পঁচাকোড়লিয়া ইউনিয়নের মানিক হাওলাদারের ৩ এর পাতায় দেখুন




## বরগুনায় মাদকসহ স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আটক

**বরগুনা প্রতিনিধি**
বরগুনার তালতলীতে ইয়াবাসহ স্বাস্থ্য সহকারী ও স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ককে আটক করেছে নৌবাহিনী। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের ২০ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) রাত ১১টার দিকে উপজেলা শহরের মালিপাড়া এলাকার একটি পরিত্যক্ত ভবনে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন, তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের স্বাস্থ্য সহকারী মো. আবুল কালাম (৩৯) ৩ এর পাতায় দেখুন

## অভ্যুত্থানে মৃত্যু নিশ্চিত হতে দেড় বছর পর বানারীপাড়ায় লাশ উত্তোলন

**বানারীপাড়া প্রতিনিধি**
জুলাই-আন্দোলনকালে ঢাকার ফার্মগেট এলাকায় গুলিবিদ্ধ হয়ে মৃত্যুবরণকারী তাহিদুল ইসলামের (২১) লাশ দীর্ঘ দেড় বছর পর কবর থেকে উত্তোলন করা হয়েছে। তিনি গণ-অভ্যুত্থানে নিহত হয়েছেন কিনা, বিষয়টি নিশ্চিতে মরদেহটি ময়নাতদন্ত করা হবে। বুধবার (৪ ফেব্রুয়ারি) বরিশালের বানারীপাড়া উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. বায়েজিদুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। এর আগে, মঙ্গলবার সকালে তাহিদুল ইসলামের গ্রামের বাড়ি বানারীপাড়া উপজেলার চাখার ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

## পটুয়াখালীতে জামায়াত আমিরের সফর বানচালের ষড়যন্ত্র হচ্ছে: ডা. মাসুদ

**বাউফল প্রতিনিধি**
বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের পটুয়াখালী সফর ঠেকাতে একটি পক্ষ পরিকল্পিত ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেছেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের জামায়াত প্রার্থী ড. শফিকুল ইসলাম মাসুদ। এ ষড়যন্ত্রে স্থানীয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতা রয়েছে বলেও তিনি দাবি করেন। মঙ্গলবার বেলা ১১টায় বাউফল উপজেলা জামায়াতের কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। ৩ এর পাতায় দেখুন

## রাঙ্গাবালীতে আ. লীগ নেতাসহ অর্ধশত বিএনপি যোগদান

**রাঙ্গাবালী প্রতিনিধি**
পটুয়াখালীর রাঙ্গাবালীতে রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের এক নেতাসহ অর্ধশত কর্মী-সমর্থক বিএনপিতে আনুষ্ঠানিকভাবে যোগদান করেছেন। মঙ্গলবার বিকালে রাঙ্গাবালী সরকারি কলেজ সংলগ্ন মাঠে আয়োজিত বিএনপির নির্বাচনী জনসভায় তারা যোগ দেন। বিএনপিতে নব্য যোগদানকারীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, উপজেলা আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম ও ইসলামি আন্দোলন বাংলাদেশের মুজাহিদ কমিটির রাঙ্গাবালী সদর ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক মাসুম খলিফা। বাকি ৩ এর পাতায় দেখুন

## কলাপাড়ায় অভিযানে ৩ কেজি গাঁজাসহ গ্রেফতার

**কলাপাড়া প্রতিনিধি**
পটুয়াখালীর কলাপাড়ার নাচনাপাড়া ১নং ওয়ার্ড মদিনাবাগ এলাকা থেকে ৩ কেজি গাঁজাসহ সরোয়ার সরদার (৪৬) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। বুধবার সকাল ১১ টায় মাদকবিরোধী বিশেষ অভিযানে তাকে গ্রেফতার করা হয়। অভিযানে উপস্থিত থেকে সার্বিক তদারকি করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ভুমি) ইয়াসিন সাদেক। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত অভিযানে সরোয়ার এর হেফাজত থেকে ৩ কেজি গাঁজা উদ্ধার করা হয়। পরে তাকে আটক করে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শুরু করা হয়। এ ঘটনায় ৩ এর পাতায় দেখুন




## আমরা বিশ্বাস করি জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষক: মাসুদ সাঈদী

**পিরোজপুর প্রতিনিধি**
পিরোজপুর-১ আসনের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য প্রার্থী মাসুদ সাঈদী বলেছেন, আমরা সকলেই জানি এবং বিশ্বাস করি স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান। একটি চক্র আমিরে জামায়াতের বক্তব্য বিকৃত করে ভুল তথ্য ছড়াচ্ছে। আমরা এর তীব্র প্রতিবাদ করি এবং তাদের আইনের আওতায় এনে শাস্তির দাবি জানাই। আগামী শুক্রবার (৬ ফেব্রুয়ারি) পিরোজপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে বাংলাদেশ ৩ এর পাতায় দেখুন



## জামায়াত আমীরের আগমন উপলক্ষ্যে হিজলায় লিফলেট বিতরণ

**মোঃ আবদুল কাদের, হিজলা**
বাংলাদেশ জামায়াতে ইসলামী আমীর ডা. শফিকুর রহমান বরিশালের মেহেন্দিগঞ্জে আগমন উপলক্ষে হিজলা উপজেলায় লিফলেট বিতরণ করা হয়েছে। বুধবার (৪ ফেব্রুয়ারি) দিনব্যাপী উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্থানীয় নেতৃবৃন্দ এবং বিকালে খুন্না বাজারে উপজেলা নেতৃবৃন্দ লিফলেট বিতরণ করেন। ৩ এর পাতায় দেখুন

## বিএনপি ক্ষমতায় আসলে বেকারত্ব দূর করা হবে: সান্টু

**উজিরপুর প্রতিনিধি**
বিএনপি ক্ষমতায় আসলে বেকারত্ব দুর করা হবে। এতে ঘুষ বা কোন দালালের প্রয়োজন হবেনা। সরাসরি আমার কাছে আসলে আমি হাসিমুখে সবার কথা মনোযোগ সহকারে শুনবো এবং উন্নয়ন মূলক কাজ নিরলসভাবে করে যাবো। বামরাইলে নির্বাচনী উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসনের বিএনপির মনোনীত ধানের শীষ প্রতীকের সংসদ সদস্য প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টু এসব কথা বলেন। আগামী ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসনের বিএনপির মনোনীত ধানের শীষ প্রতীকের হ্যাভিওয়েট সংসদ সদস্য প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টুর সমর্থনে বামরাইল ইউনিয়ন বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে ব্যাপক আয়োজনে পথসভা ও উঠান বৈঠক ৩ এর পাতায় দেখুন













প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com